# বার্ষিক প্রতিবেদন

# ২০২১-২২

DIGITAL SECURITY AGENCY

# ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

# ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
# বার্ষিক প্রতিবেদন ২০২১-২২

**উপদেষ্টা**

জনাব এন এম জিয়াউল আলম, পিএএ

সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

**পরিকল্পনা ও নির্দেশনায়**

জনাব মোঃ খায়রুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

**সম্পাদনা পরিষদ**

জনাব মোঃ আবদুস সাত্তার সরকার, পরিচালক (প্রশাসন ও অর্থ) (যুগ্মসচিব), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

জনাব তারেক এম বরকতউল্লাহ, পরিচালক (অপারেশন), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

জনাব এ.টি.এম. জিয়াউল ইসলাম , উপ-পরিচালক (প্রশাসন), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, উপ-পরিচালক (অপারেশন), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

**সহযোগিতা**

জনাব মোছাঃ ফারজানা খান তমা, সহকারী পরিচালক (আইন ও পলিসি), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

জনাব যুথিকা মজুমদার, সহকারী পরিচালক (প্রশাসন), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

জনাব মোঃ নাঈম খান, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

জনাব উত্তরা শতদ্রু প্রাচী, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

জনাব রিয়াজ উদ্দিন, সহকারী পরিচালক (সেবা), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

**প্রকাশকাল**

অক্টোবর ২০২২

**প্রকাশনা**

ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

www.dsa.gov.bd

## সূচিপত্র


১. ডিজিটাল নিরাপত্তা এজেন্সি ........................................ ৫

১.১. পরিচিতি ........................................ ৫

১.২. ভিশন (Vision) ........................................ ৫

১.৩. মিশন (Mission) ........................................ ৫

১.৪. প্রধান কার্যাবলি ........................................ ৫

১.৫. ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল ........................................ ৬

১.৬. ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮-এ প্রদত্ত ক্ষমতাবলে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির উল্লেখযোগ্য কার্যক্রম . ৭

১.৬.১. প্রতিরোধমূলক ব্যবস্থা: ........................................ ৭

১.৬.২. জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেস্পন্স টিম (NCERT) ........................................ ৮

১.৬.৩. গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure) নিরাপত্তা ................ ৮

১.৬.৪. ডিজিটাল ফরেনসিক ল্যাব: ........................................ ৯

১.৬.৫. আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা: ........................................ ৯

১.৭. সাইবার সিকিউরিটি ইনডেক্সে বাংলাদেশের অবস্থান উন্নয়ন ........................................ ৯

২. প্রশাসনিক কাঠামো ........................................ ১১

২.১. প্রস্তাবিত জনবল কাঠামো ........................................ ১১

২.২. প্রস্তাবিত জনবল কাঠামো (অর্গানোগ্রাম) ........................................ ১৩

২.২.১. ডিএসএ কর্তৃক প্রস্তাবিত পদভিত্তিক জনবল কাঠামো (অর্গানোগ্রাম) ........................................ ১৩

২.২.২. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত পদভিত্তিক জনবল কাঠামো (অর্গানোগ্রাম) ................. ১৪

২.২.৩. অর্থ বিভাগ কর্তৃক সুপারিশকৃত পদভিত্তিক জনবল কাঠামো (অর্গানোগ্রাম) ............................ ১৫

২.২.৪ অর্থ বিভাগ কর্তৃক মঞ্জুরীকৃত ১ম অর্থবছরে সম্মতিপ্রাপ্ত ৫০ টি পদভিত্তিক জনবল কাঠামো (অর্গানোগ্রাম)........................................ ২৩

২.২.৫. প্রস্তাবিত ইউনিটসমূহ ........................................ ১৭

২.২.৬. সাংগঠনিক কাঠামো অনুমোদনের অগ্রগতি ........................................ ১৮

২.৩. সাময়িকভাবে ব্যবহৃত জনবল কাঠামো (অর্গানোগ্রাম) ........................................ ১৯

২.৪. কর্মরত জনবল ........................................ ২০

২.৫. সাময়িক কর্মবণ্টন ........................................ ২১

৩. ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত আইন, বিধি-বিধান, স্ট্র্যাটেজি ইত্যাদি ........................................ ২৭

৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ ........................................ ২৭

৪.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির উল্লেখযোগ্য অর্জন (২০২১-২০২২) ........................................ ২৯

৫. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০২১-২০২২ সালের কর্মপরিকল্পনা ........................................ ২৯

৫.১. শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গৃহীত কার্যক্রম, লক্ষ্যমাত্রা ও অর্জন: ....................................................... ৩১

৬. ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম....................................................................................................... ৩১

৬.১. প্রোগ্রাম ম্যানেজমেন্ট সিস্টেম (PMS)...................................................................................... ৩২

৬.২. নৈমিত্তিক ছুটি ব্যবস্থাপনা (leave.dsa.gov.bd) ........................................................................ ৩৩

৭. বাজেট বরাদ্দ এবং ব্যয় সংক্রান্ত তথ্য (পরিচালন ও উন্নয়ন).......................................................... ৩৪

৮. অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম..................................................................................... ৩৪

৯. ই-ফাইলিং বাস্তবায়ন.................................................................................................................... ৩৫

১০. সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ নিষ্পত্তি ................................................................................ ৩৫

১১. ডিজিটাল নিরাপত্তা এজেন্সির এসডিজি বাস্তবায়ন রোডম্যাপ ২০১৯-২০৩০ ........................................ ৩৫

১২. ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সাম্প্রতিক গৃহীত কার্যক্রম ................................................................ ৩৭

১২.১. সাইবার নিরাপত্তা ও বুলিং বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম ......................................................... ৩৭

১২.২. আন্তর্জাতিক সহযোগিতা ......................................................................................................... ৪০

১২.৩. বাস্তবায়িত অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম...................................................................................... ৪০

১৩. প্রস্তাবিত প্রকল্পসমূহের সংক্ষিপ্ত বিবরণ ....................................................................................... ৪৩

১৩.১. প্রকল্পের নাম: জাতীয় পর্যায়ে সাইবার নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সাইবার সিকিউরিটি হেল্পলাইন স্থাপন প্রকল্প.............................................................................. ৪৩

১৩.২. প্রকল্পের নাম: দেশের শিশু কিশোরসহ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য নিরাপদ ইন্টারনেট ব্যবহার নিশ্চিতকরণ.............................................................................. ৪৪

১৩.৩. ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সক্ষমতা বৃদ্ধি প্রকল্প (Strengthening of Digital Security Agency Project);.............................................................. ৪৫

১৩.৪ ডিজিটাল নিরাপত্তা এজেন্সি স্থাপন ও প্রয়োজনীয় অবকাঠামো সৃষ্টি; (ডিজিটাল নিরাপত্তা এজেন্সির ভবন এবং আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ প্রকল্প)............................................ ৪৫

১৪. প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য................................................................................................................ ৪৬

১৫. সেমিনার সংক্রান্ত তথ্য .............................................................................................................. ৪৬

১৬. জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম (NCERT)-এর কার্যক্রম.............................................. ৫০

১৬.১. লক্ষ্য ও উদ্দেশ্য ....................................................................................................................... ৫০

১৬.২. ২০২১-২০২২ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম.......................................................................... ৫০

১৭. উপসংহার................................................................................................................................... ৫৪

# ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

## dsa.gov.bd

### ১. ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

#### ১.১. পরিচিতি

ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ডিজিটাল মাধ্যমে সংঘটিত অপরাধ শনাক্তকরণ, প্রতিরোধ, দমন, বিচার ও আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণের নিমিত্ত সরকার 'ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮' প্রণয়ন করেছে। দেশের ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে উক্ত আইনের ৫ ধারার বিধান অনুসারে ২০১৮ সালের ৫ ডিসেম্বর সরকার 'ডিজিটাল নিরাপত্তা এজেন্সি' গঠন করেছে।

দেশের সাইবার স্পেস এবং প্রয়োজনীয় ও অপরিহার্য সেবাসমূহের ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সাইবার ঝুঁকি ও হুমকিসমূহ চিহ্নিতকরণ, প্রতিকার ও প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ; বিভিন্ন সংস্থা এবং প্রতিষ্ঠানসমূহকে সতর্কবার্তা প্রেরণ; সাইবার অপরাধসমূহ দমন, প্রতিরোধ ও আইনি কার্যক্রম গ্রহণ সংক্রান্ত আইন প্রয়োগকারী সংস্থা ও সংশ্লিষ্ট অন্যান্য এজেন্সিকে কারিগরি ও অন্যান্য সহযোগিতা প্রদান; বিভিন্ন সংস্থাসমূহের মধ্যে সমন্বয়সাধন এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা প্রদান ডিজিটাল নিরাপত্তা এজেন্সির অন্যতম দায়িত্ব।

#### ১.২. ভিশন (Vision)

বাংলাদেশের জন্য একটি নিরাপদ সাইবার স্পেস।

#### ১.৩. মিশন (Mission)

জাতীয় নিরাপত্তা, ডিজিটাল অর্থনীতিকে শক্তিশালী করা এবং ডিজিটাল জীবনযাত্রাকে সুরক্ষার মাধ্যমে নিরাপদ সাইবার স্পেস প্রতিষ্ঠা করা।

#### ১.৪. প্রধান কার্যাবলি

- দেশে ডিজিটাল ডিভাইস ও তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সংঘটিত অপরাধ দমন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় করা এবং যে কোন তথ্য প্রযুক্তি সংক্রান্ত রাষ্ট্রীয় সংকটকালীন সময়ে সংকট মোকাবেলার নিমিত্ত সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;
- গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (CII) এর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে পরিদর্শন করা এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;
- তথ্য প্রযুক্তি ভিত্তিক হুমকি মোকাবেলা এবং এ সংক্রান্ত নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করা এবং জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে তথ্য প্রযুক্তির ব্যবহারিক নিরাপত্তা নিশ্চিত করা;
- ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এ সংক্রান্ত বিভিন্ন সংস্থার CIRT, Forensic Lab গঠনের নির্দেশনা ও অনুমোদন প্রদান করা এবং কম্পিউটার ইমার্জেন্সী রেসপন্স টিমসমূহের মধ্যে সমন্বয় সাধন ও তত্ত্বাবধান করা;

- ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানকে পরামর্শ ও নির্দেশনা প্রদান করা এবং ডিজিটাল সিকিউরিটির প্রতি হুমকির উৎস অভ্যন্তরীণ নাকি আন্তর্জাতিক তা পর্যবেক্ষণ করা এবং সংশ্লিষ্টদের এই বিষয়ে অবহিত করা;
- জাতীয় নিরাপত্তা, প্রতিরক্ষা, বহি:সম্পর্ক, জনস্বাস্থ্য, জনশৃঙ্খলা ও নিরাপত্তা অথবা প্রয়োজনীয় এবং অপরিহার্য সেবার প্রতি ডিজিটাল সিকিউরিটির হুমকি বিষয়ে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করা;
- গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো চিহ্নিতকরণ এবং তা রক্ষণাবেক্ষণের জন্য নিয়োজিত ব্যক্তি/মালিককে এর নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা;
- ডিজিটাল সিকিউরিটি নিশ্চিত করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর মালিক ও রক্ষণাবেক্ষণ এর জন্য নিয়োজিত ব্যক্তির জন্য নির্দেশিকা প্রণয়ন এবং তা প্রতিপালনের জন্য নির্দিষ্ট মানদণ্ড প্রস্তুত করা;
- ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত বিষয়ে আন্তর্জাতিক পরিমন্ডলে সরকারের প্রতিনিধিত্ব করা;
- ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত ঘটনার বিষয়ে অন্যান্য দেশ ও অঞ্চলের CIRT কে সহায়তা প্রদান করা;
- ডিজিটাল সিকিউরিটি সার্ভিস প্রদানকারীদের লাইসেন্স প্রদান এবং সিকিউরিটি সার্ভিসের মানদণ্ড নির্ধারণ করা এবং দেশে ডিজিটাল সিকিউরিটি সার্ভিস শিল্পের প্রচার, প্রসার ও উন্নয়নের পদক্ষেপ গ্রহণ করা;
- ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত সার্ভিস, পণ্য এবং এ সংক্রান্ত বিষয়ে ব্যবহৃত কম্পিউটারের হার্ডওয়্যার ও হার্ডওয়্যারের মান নির্ধারণ করা। এছাড়াও ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত শিল্পের সাথে জড়িত ব্যক্তিদের পেশাগত উৎকর্ষ বজায় রাখা এবং উন্নতি ও অগ্রগতিতে সহায়তা প্রদান করা;
- ডিজিটাল সিকিউরিটি সংক্রান্ত প্রযুক্তি, গবেষণা ও সার্বিক উন্নয়নে সহায়তা প্রদান করা এবং ডিজিটাল নিরাপত্তার ক্ষেত্রে আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠান ও বিদেশী সরকারের সাথে সরকারের পূর্বানুমোদনক্রমে চুক্তি সম্পাদন, তথ্য আদান-প্রদান ও সহযোগিতা করা;
- কম্পিউটার ও কম্পিউটার সিস্টেমের নিরাপত্তা তদারকি ও এ বিয়য়ে সক্ষমতা বৃদ্ধি করা;
- ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের আয়োজন ও জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা;
- জাতীয় ডিজিটাল নিরাপত্তা কাউন্সিলের সভা আয়োজন ও সাচিবিক সহযোগিতা করা;
- ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত অন্যান্য কার্যক্রম সম্পাদন করা;
- ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর বাস্তবায়ন তদারকি এবং এ সংক্রান্ত প্রতিবেদন সরকারের নিকট দাখিল করা।

## ১.৫. ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল

দেশের সাইবার স্পেসকে নিরাপদ ও ঝুঁকিমুক্ত রাখতে এবং ডিজিটাল মাধ্যমে সংঘটিত অপরাধ শনাক্তকরণ, প্রতিরোধ, দমন এবং প্রতিকারের লক্ষ্যে ১৮ অক্টোবর ২০১৮ তারিখে 'ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮' (২০১৮ সালের ৪৬ নাম্বার আইন) বিলটি পাশ হয়। ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ধারা- ১২ অনুযায়ী পনের (১৫) সদস্য বিশিষ্ট 'জাতীয় ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল' গঠিত হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল- এর চেয়ারম্যান। ২৪ মার্চ ২০১৯ তারিখে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়, যা ১৩ জুন ২০১৯ তারিখে গেজেটে প্রকাশিত হয়।

ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল নিম্নরূপভাবে গঠিত:

| | | |
|---|---|---|
| (ক) | মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | চেয়ারম্যান |
| (খ) | মাননীয় মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| (গ) | মাননীয় মন্ত্রী, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (ঘ) | মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (ঙ) | প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা | সদস্য |
| (চ) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সদস্য |
| (ছ) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (জ) | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | সদস্য |
| (ঝ) | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (ঞ) | সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| (ট) | পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (ঠ) | ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ পুলিশ | সদস্য |
| (ড) | চেয়ারম্যান, বিটিআরসি | সদস্য |
| (ঢ) | মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর | সদস্য |
| (ণ) | পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার (এনটিএমসি) | সদস্য |
| (ত) | মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি | সদস্য-সচিব |

## ১.৬. ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮-এ প্রদত্ত ক্ষমতাবলে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির উল্লেখযোগ্য কার্যক্রম

### ১.৬.১. প্রতিরোধমূলক ব্যবস্থা

ডিজিটাল নিরাপত্তা আইনের ধারা-৮ অনুযায়ী মহাপরিচালক নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন-

(১) মহাপরিচালকের নিজ অধিক্ষেত্রভুক্ত কোনো বিষয়ে ডিজিটাল মাধ্যমে প্রকাশিত বা প্রচারিত কোনো তথ্য-উপাত্ত ডিজিটাল নিরাপত্তার ক্ষেত্রে হুমকি সৃষ্টি করলে তিনি উক্ত তথ্য-উপাত্ত অপসারণ বা, ক্ষেত্রমত, ব্লক করার জন্য বিটিআরসি'কে অনুরোধ করতে পারেন।

(২) যদি ডিজিটাল মাধ্যমে প্রকাশিত বা প্রচারিত কোনো তথ্য-উপাত্ত দেশের সংহতি, অর্থনৈতিক কর্মকান্ড, নিরাপত্তা, প্রতিরক্ষা, ধর্মীয় মূল্যবোধ বা জনশৃঙ্খলা ক্ষুণ্ন করে, বা জাতিগত বিদ্বেষ ও ঘৃণার সঞ্চার করে, তাহলে আইন-শৃঙ্খলা রক্ষাকারি বাহিনী উক্ত তথ্য-উপাত্ত অপসারণ বা ব্লক করার জন্য মহাপরিচালকের মাধ্যমে, বিটিআরসিকে অনুরোধ করতে পারেন।

(৩) উক্তরূপ কোনো অনুরোধ প্রাপ্ত হলে বিটিআরসি, উক্ত বিষয়াদি সরকারকে অবহিতক্রমে, তাৎক্ষণিকভাবে উক্ত তথ্য-উপাত্ত অপসারণ বা ক্ষেত্রমত ব্লক করবে।

### ১.৬.২. জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেস্পন্স টিম (NCERT)

ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ -এর ধারা-৯ অনুসারে সার্বক্ষণিকভাবে দায়িত্ব পালনের জন্য এজেন্সির অধীন একটি জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম (NCERT) থাকবে। কোনো গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো, প্রয়োজনে, এজেন্সির পূর্বানুমোদন গ্রহণক্রমে, নিজস্ব কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম গঠন করতে পারবে। NCERT ডিজিটাল নিরাপত্তা বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তি এবং, প্রয়োজনে, আইন শৃঙ্খলা রক্ষাকারি বাহিনীর সদস্যদের সমন্বয়ে গঠিত হবে। এজেন্সি কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিমসমূহের মধ্যে সমন্বয় সাধন ও তত্বাবধান করবে। কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিমের দায়িত্ব নিম্নরূপ:

- গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর জরুরি নিরাপত্তা নিশ্চিতকরণ;
- সাইবার বা ডিজিটাল হামলা হলে এবং সাইবার বা ডিজিটাল নিরাপত্তা বিঘ্নিত হলে তাৎক্ষণিকভাবে তা প্রতিকারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- সম্ভাব্য ও আসন্ন সাইবার বা ডিজিটাল হামলা প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;
- সরকারের অনুমোদন গ্রহণক্রমে, সমধর্মী বিদেশি কোনো টিম বা প্রতিষ্ঠানের সাথে তথ্য আদান-প্রদানসহ সার্বিক সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণ; এবং
- বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য কাজ।

### ১.৬.৩. গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure) নিরাপত্তা

আইনের ধারা-১৫ তে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (CII) নিরাপত্তার বিষয়ে এজেন্সি'কে দায়িত্ব দেয়া হয়েছে। গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর নিরাপত্তা পরিবীক্ষণ ও পরিদর্শনের ক্ষমতা মহাপরিচালকের ওপর ন্যস্ত করা হয়েছে। তাছাড়া, আইনের ধারা-১৫ অনুসারে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা কোনো কম্পিউটার সিস্টেম, নেটওয়ার্ক বা তথ্য পরিকাঠামোকে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো হিসেবে ঘোষণা করার বিধান রাখা হয়েছে। আইন অনুযায়ী গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure) এর সংজ্ঞা-

(ক) "গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure)" বলতে বুঝায় সরকারের ঘোষিত এমন কোনো বাহ্যিক বা ভার্চুয়াল তথ্য পরিকাঠামো যা কোনো তথ্য-উপাত্ত বা কোনো ইলেকট্রনিক তথ্য নিয়ন্ত্রণ, প্রক্রিয়াকরণ, সঞ্চারণ বা সংরক্ষণ করে এবং যা ক্ষতিগ্রস্থ বা সংকটাপন্ন হলে জননিরাপত্তা বা অর্থনৈতিক নিরাপত্তা বা জনস্বাস্থ্য অথবা জাতীয় নিরাপত্তা বা রাষ্ট্রীয় অখন্ডতা বা সার্বভৌমত্বের উপর ক্ষতিকর প্রভাব পড়তে পারে।

(খ) ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ -এর ধারা-১৫ অনুসারে সরকার কোনো কম্পিউটার সিস্টেম, নেটওয়ার্ক বা তথ্য পরিকাঠামোকে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো হিসাবে ঘোষণা করতে পারবে।

### ১.৬.৪. ডিজিটাল ফরেনসিক ল্যাব

ডিজিটাল নিরাপত্তা আইনের ধারা-১০ অনুসারে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে, এক বা একাধিক ডিজিটাল ফরেনসিক ল্যাব থাকার বিধান রাখা হয়েছে। নির্ধারিত মান অর্জন সাপেক্ষে, এজেন্সি ল্যাবসমূহকে স্বীকৃতি প্রদান এবং ল্যাবসমূহের মধ্যে সমন্বয় সাধন করবে। বিধি দ্বারা নির্ধারিত মানদণ্ড অনুযায়ী এজেন্সি প্রত্যেক ডিজিটাল ফরেনসিক ল্যাব এর গুণগত মান নিশ্চিত করবে।

### ১.৬.৫. আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা


ডিজিটাল নিরাপত্তা আইনের অধীন সংঘটিত কোনো অপরাধের তদন্ত ও বিচারের ক্ষেত্রে, আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতা প্রয়োজন হলে, অপরাধ সম্পর্কিত বিষয়ে পারস্পরিক সহায়তা আইন, ২০১২ এর বিধান অনুসারে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি আন্তর্জাতিক সহায়তা গ্রহণ করতে পারবে।

## ১.৭. সাইবার সিকিউরিটি ইনডেক্সে বাংলাদেশের অবস্থান উন্নয়ন

ডিজিটাল সিকিউরিটি এজেন্সি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীনস্থ সংস্থাসমূহ বিশেষত BGD e-GOV CIRT টিম ও অন্যান্য অংশীজনের গৃহীত বিভিন্ন কার্যক্রমের ফলে বাংলাদেশ সম্প্রতি প্রকাশিত সাইবার সিকিউরিটি সূচকসমূহে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, যা নিম্নরূপঃ

- Global Cybersecurity Index (GCI): ITU কর্তৃক প্রণীত Global Cybersecurity Index (GCI) 2020 -এ বাংলাদেশ ১৯৪টি দেশের মধ্যে ৮১.২৭ স্কোর পেয়ে ৫৩তম স্থান অর্জন করেছে, যা বিগত বছরে ছিল ৭৮তম। এক বছরে ২৫ ধাপ উন্নয়ন সম্ভব হয়েছে এক্ষেত্রে আইনি কাঠামো (Legal), কারিগরি (Technical), সাংগঠনিক (Organizational), সক্ষমতা উন্নয়ন (Capacity Development) ও বিভিন্ন সংস্থার সাথে সহযোগিতা (Cooperation) সংক্রান্ত উল্লেখযোগ্য কার্যক্রম গ্রহণ করার কারণে। উক্ত সূচকে ১০০ স্কোর করে যুক্তরাষ্ট্র ১ম, ৯৯.৫৪ স্কোর করে যুক্তরাজ্য ও সৌদি আরব ২য় এবং ৯৯.৪৮ স্কোরে এস্তোনিয়া ৩য় স্থানে রয়েছে। এশিয়া প্যাসিফিক অঞ্চলে বাংলাদেশের অবস্থান ১১তম, যেখানে কোরিয়া ১ম এবং ভারত ৪র্থ স্থানে রয়েছে।

*Bangladesh (People's Republic of)*




**Development Level:**
Developing Country, Least Developed Countries (LDC)

**Area(s) of Relative Strength**
Capacity Development, Technical Measures


**Area(s) of Potential Growth**
Legal Measures

| Overall Score | Legal Measures | Technical Measures | Organizational Measures | Capacity Development | Cooperative Measures |
|---|---|---|---|---|---|
| 81.27 | 14.86 | 16.77 | 16.39 | 17.03 | 16.22 |

Source: ITU Global Cybersecurity Index v4, 2021


**চিত্র:** আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন (আইটিইউ) এর আন্তর্জাতিক সাইবার নিরাপত্তা সূচক-২০২০ এ বাংলাদেশের অবস্থান।

- National Cyber Security Index (NCSI): এস্তোনিয়া ভিত্তিক ই-গভর্নেন্স একাডেমি ফাউন্ডেশন কর্তৃক প্রণীত মার্চ ২০২২ অনুযায়ি বিশ্বের ১৬০টি দেশের মধ্যে ৬৭.৫৩ স্কোর করে বাংলাদেশ ৩২তম স্থান অর্জন করেছে, যা ২০২০ সালে ৬৩তম স্থানে ছিল। মৌলিক সাইবার হামলা প্রতিরোধের প্রস্তুতি, সাইবার ইনসিডেন্ট, সাইবার অপরাধ ও বড় ধরনের সংকট ব্যবস্থাপনার বিষয় মূল্যায়ন করে এ সূচক তৈরি করা হয়।



**চিত্র:** ন্যাশনাল সাইবার সিকিউরিটি ইনডেক্সের (এনসিএসআই) জাতীয় সাইবার নিরাপত্তা সূচকে বাংলাদেশের অবস্থান।

- নেদারল্যান্ড ভিত্তিক সংস্থা Surfshark এর ইন্টারনেট সাশ্রয়ী, নিরাপত্তা এবং মানের নিমিত্তে জরিপ কার্যক্রম ডিজিটাল কোয়ালিটি অফ লাইফ (DQL) ইনডেক্স ২০২২ অনুযায়ি, বাংলাদেশ ২৭ ধাপ উপরে উঠে ৭৬তম স্থানে আরোহণ করেছে। সূচকে মূল্যায়ন করা দক্ষিণ এশিয়ার পাঁচটি দেশের মধ্যে ভারতের পরেই বাংলাদেশের অবস্থান।




**চিত্র:** ডিজিটাল কোয়ালিটি অফ লাইফ (DQL) ইনডেক্স ২০২২ অনুযায়ি বাংলাদেশের অবস্থান

## ২. প্রশাসনিক কাঠামো

ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ৭ ধারার বিধান অনুযায়ী সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী এজেন্সির প্রয়োজনীয় জনবল থাকবে এবং এজেন্সির কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিধি দ্বারা নির্ধারিত শর্তাধীন প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করতে পারবে। ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ৫ ধারা অনুযায়ী এজেন্সিতে ০১ জন মহাপরিচালক ও ০২ জন পরিচালক-এর পদ রয়েছে।

### ২.১. প্রস্তাবিত জনবল কাঠামো


ডিজিটাল নিরাপত্তা এজেন্সির পূর্ণাঙ্গ সাংগঠনিক কাঠামো প্রণয়নের কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন আছে। ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র জনবল নিয়োগের লক্ষ্যে ১০২১ টি পদের একটি সাংগঠনিক কাঠামো প্রস্তুত

করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে, জনপ্রশাসন মন্ত্রণালয় প্রাথমিকভাবে ৩ টি ধাপে নিয়োগের লক্ষ্যে ২৩৫ টি পদ সৃজনের সম্মতি প্রদান করে। অর্থ বিভাগ থেকে ২৪ জুন ২০২১ তারিখে ১২০ (একশত বিশ)টি পদ পর পর ০৩টি আর্থিক বছরে (১ম অর্থবছরে ৫০টি, ২য় অর্থবছরে ৪০টি এবং ৩য় অর্থবছরে ৩০টি) বছর বছর সংরক্ষণের ভিত্তিতে রাজস্ব খাতে অস্থায়ী ভিত্তিতে সৃজনের সম্মতি প্রদান করে এবং ২২ আগস্ট ২০২১ তারিখে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ হতে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির প্রধান কার্যালয়ের ১২০ টি পদের জন্য বেতনগ্রেড নির্ধারণ করে। পরবর্তীতে ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত বেতনগ্রেডের শর্তাবলি পুনবিবেচনার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে একটি পত্র প্রেরণ করা হয়। তারপ্রেক্ষিতে ০৬ ডিসেম্বর ২০২১ তারিখে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ হতে বেতনগ্রেডের শর্তাবলি সংশোধনের সম্মতি জ্ঞাপন করা হয়। ৩০ডিসেম্বর ২০২১ তারিখে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির ১২০ পদ সৃজনের লক্ষ্যে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদনের নিমিত্ত সারসংক্ষেপসহ প্রয়োজনীয় তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে গত ২১ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ডিজিটাল নিরাপত্তা এজেন্সির জন্য রাজস্ব খাতে অস্থায়ী ভিত্তিতে ১২০ টি পদ সৃজনের সুপারিশ প্রদান করে। অর্থবিভাগের রাষ্ট্রায়াত্ত্ব প্রতিষ্ঠান শাখা-৪ হতে গত ০৬ জুলাই, ২০২২ তারিখে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির জন্য ১ম অর্থবছরে ৫০ টি পদ সৃজনের সরকারি মঞ্জুরী (জি.ও) জারি করে।

| গ্রেডভিত্তিক এক নজরে পদসংখ্যা (প্রস্তাবিত) | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| জনবলের প্রকৃতি | মূল প্রস্তাব | | | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত | | | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত | | |
| | মাঠ | প্রধান কার্যালয় | মোট | মাঠ | প্রধান কার্যালয় | মোট | মাঠ | প্রধান কার্যালয় | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| গ্রেড ২-৯ | ৭২ | ৫০৭ | ৫৭৯ | ০ | ১৭৬ | ১৭৬ | ০ | ১০৩ | ১০৩ |
| গ্রেড ১০-১২ | ১৬ | ৮৮ | ১০৪ | ০ | ৪ | ৪ | ০ | ১০ | ১০ |
| গ্রেড ১৩-১৬ | ৩২ | ১০৮ | ১৪০ | ০ | ৪০ | ৪০ | ০ | ৩ | ৩ |
| গ্রেড ১৮-২০ | ৪৮ | ১৫০ | ১৯৮ | ০ | ১৫ | ১৫ | ০ | ৭ | ৭ |
| সর্বমোট = | ১৬৮ | ৮৫৩ | ১০২১ | ০ | ২৩৫ | ২৩৫ | ০ | ১২৩ | ১২৩ |

## ২.২. প্রস্তাবিত জনবল কাঠামো (অর্গানোগ্রাম)

### ২.২.১. ডিএসএ কর্তৃক প্রস্তাবিত পদভিত্তিক জনবল কাঠামো (অর্গানোগ্রাম)




## ২.২.৩. অর্থ বিভাগ কর্তৃক সুপারিশকৃত পদভিত্তিক জনবল কাঠামো (অর্গানোগ্রাম)

সংলাগ-১২

(অর্থ বিভাগের ৪-৩-২১ তারিখের স্মারক অনুযায়ী)

### ডিজিটাল নিরাপত্তা এজেন্সির প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো


১. জাতীয় নিরাপত্তা, বহিঃসম্পর্ক, জনস্বাস্থ্য, জনশৃঙ্খলা বা প্রয়োজনীয় ও অপরিহার্য সেবার ক্ষেত্রে ডিজিটাল নিরাপত্তা বিঘ্নত হইবার হুমকি পরিলক্ষিত হইলে প্রতিকারের সক্রিয় ব্যবস্থা গ্রহণ;
২. ডিজিটাল নিরাপত্তা সেবার ব্যবস্থা প্রবর্তন এবং উহার পরিচালনা, রক্ষণাবেক্ষণ, পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ এবং ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান নিশ্চিত করিবার লক্ষ্যে উক্ত সেবা প্রদানকারীগণের মধ্যে পারস্পরিক সহযোগিতামূলক পরিস্থিতি বজায় রাখা ও উহাতে উৎসাহ প্রদান;
৩. এজেন্সি কর্তৃক নির্ধারিত মান অনুসারে ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান করা হইতেছে কিনা উহা পরিবীক্ষণের ব্যবস্থা গ্রহণ;
৪. দেশে ডিজিটাল ডিভাইস এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সংঘটিত অপরাধ দমন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয়;
৫. ডিজিটাল নিরাপত্তা বিষয়ক অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক হুমকির উৎস পর্যবেক্ষণ এবং উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্কীকরণ ও প্রতিকারমূলক ব্যবস্থাগ্রহণ;
৬. ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদান সংক্রান্ত শিল্পের প্রসার ও উন্নয়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং উক্ত শিল্পে জড়িত ব্যক্তির দক্ষতা ও পেশাগত মান উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
৭. বাংলাদেশ ও বহির্বিশ্ব হইতে ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত তথ্য সংগ্রহক্রমে বাংলাদেশে উহার প্রভাব সম্পর্কে পর্যালোচনা করা ও তদানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সরকারের নিকট সুপারিশ প্রেরণ;
৮. বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের সহিত জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নিরাপত্তা নিশ্চিতকরণ;
৯. ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনারের আয়োজনসহ জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহণ;
১০. ডিজিটাল নিরাপত্তার দুর্বলতা, ডিজিটাল নিরাপত্তা লঙ্ঘন ও ক্ষতিকারক ক্রিয়াকলাপ সম্পর্কে অনুসন্ধান।




| প্রাধিকার যানবাহন এবং অফিস সরঞ্জামাদির তালিকা | | |
|---|---|---|
| ক্রমিক | যানবাহন | সংখ্যা |
| ০১ | জীপ | ১ |
| ০২ | কার | ৬ |
| ০৩ | মাইক্রোবাস | ১৪ |
| ০৪ | মোটরসাইকেল | ২ |

| জনবলের প্রকৃতি | জনবলের সংখ্যা | |
|---|---|---|
| | প্রধান কার্যালয় | মোট |
| ১ | ২ | ৩ |
| গ্রেড ২-৯ | ৯৯ | ৯৯ |
| গ্রেড ১০-১২ | ২ | ২ |
| গ্রেড ১৩-১৬ | ১৫ | ১৫ |
| গ্রেড ১৮-২০ | ৭ | ৭ |
| সর্বমোট | ১২৩ | ১২৩ |

## ২.২.৪ অর্থ বিভাগ কর্তৃক মঞ্জুরীকৃত ১ম অর্থবছরে সম্মতিপ্রাপ্ত ৫০ টি পদভিত্তিক জনবল কাঠামো (অর্গানোগ্রাম)





| জনবলের প্রকৃতি | জনবলের সংখ্যা | | |
|---|---|---|---|
| | প্রশাসন | অপারেশন | মোট |
| গ্রেড ২-৯ | ২৫ | ৭১ | ৯৬+৩ |
| গ্রেড ১০-১২ | ০২ | ০০ | ২ |
| গ্রেড ১৩-১৬ | ১০ | ০৫ | ১৫ |
| গ্রেড ১৮-২০ | ০৬ | ০১ | ৭ |
| সর্বমোট = | ৪৩ | ৭৭ | ১২০+৩ |
| বি: দ্র: ৩ টি পদ আইন দ্বারা সৃষ্ট | | | |

(মোঃ খায়রুল আমীন)
মহাপরিচালক(অতিরিক্ত দায়িত্ব)
ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

(এন এম জিয়াউল আলম পিএএ)
সিনিয়র সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

## ২.২.৫. প্রস্তাবিত ইউনিটসমূহ




**চিত্র:** ডিজিটাল নিরাপত্তা এজেন্সির প্রস্তাবিত অর্গানোগ্রামের অন্তর্ভুক্ত ইউনিটসমূহ

## ২.২.৬. সাংগঠনিক কাঠামো অনুমোদনের অগ্রগতি

১০২১ টি পদ সৃজনের লক্ষ্যে ডিএসএ থেকে আইসিটি বিভাগে পত্র প্রেরণ করা হয় ২১ অক্টোবর ২০২০ এবং বিভাগ হতে ২৫ অক্টোবর ২০২০ জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

↓

জনপ্রশাসন মন্ত্রণালয় ডিএসএ'র প্রধান কার্যালয়ের জন্য ৩টি পর্যায়ে ২৩৫ টি পদ রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনে সম্মতি জ্ঞাপন করে ০৭ জানুয়ারী, ২০২১ পত্র প্রেরণ করে।

↓

অর্থ বিভাগের সম্মতি গ্রহণের নিমিত্ত চেকলিস্ট অনুযায়ী পূর্ণাংগ প্রস্তাব এই এজেন্সি হতে বিভাগে প্রেরণ করা হয় যা ১০ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে অর্থ বিভাগে প্রেরণ করা হয়।

↓

০৪ মার্চ ২০২১ তারিখে অর্থ বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে পুনরায় চাহিত তথ্যাদি আইসিটি বিভাগে প্রেরণ করা হয় এবং বিভাগ হতে গত ৩০ মার্চ ২০২১ তারিখে পুনরায় অর্থবিভাগে প্রেরণ করা হয়েছে।

↓

অর্থ বিভাগ হতে ২৪ জুন, ২০২১ তারিখে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির প্রধান কার্যালয়ের জন্য ১২০ (একশত বিশ) টি পদ ০৩টি আর্থিক বছরে রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজনের জন্য সম্মতি জ্ঞাপনপূর্বক বেতনস্কেল নির্ধারণের নিমিত্ত বাস্তবায়ন অনুবিভাগে পত্র প্রদান করে।

↓

বাস্তবায়ন অনুবিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে গত ১৫ জুলাই ২০২১ তারিখে স্কেল ভেটিং এর জন্য ডিএসএ'র খসড়া চাকরি প্রবিধানমালা-২০২০ প্রেরণ করা হয়। বাস্তবায়ন অনুবিভাগ গত ২২ আগস্ট বেতন গ্রেড নির্ধারণপূর্বক পত্র প্রেরণ করে।

↓

গত ১২ সেপ্টেম্বর, ২০২১ তারিখে কতিপয় পদের গ্রেড, যোগ্যতা ও প্রেষণের শর্তাবলী পুনর্বিবেচনার জন্য পুনরায় বাস্তবায়ন অনুবিভাগে ডিএসএ'র খসড়া চাকরি প্রবিধানমালা প্রেরণ করা হয়।

↓

গত ৩০ ডিসেম্বর, ২০২১ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব কর্তৃক স্বাক্ষরিত একটি সারসংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা । তদপ্রেক্ষিতে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি গত ২৬ এপ্রিল, ২০২২ তারিখে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির জন্য রাজস্বখাতে অস্থায়ীভাবে ১২০টি পদ সৃজনের সুপারিশ প্রদান করে।


↓

অর্থবিভাগের রাষ্ট্রায়াত্ত প্রতিষ্ঠান শাখা-৪ হতে গত ০৬ জুলাই, ২০২২ তারিখে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির জন্য ১ম অর্থবছরে ৫০ টি পদ সৃজনের সরকারি মঞ্জুরী (জি.ও) জারি করে।

↓

গত ০৮ আগস্ট, ২০২২ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ৫৬.০০.০০০০.০৫৬.১৮.০০৩.২১.১৪৫ নং স্মারকে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র রাজস্বখাতে জনবল নিয়োগের লক্ষ্যে 'ডিজিটাল নিরাপত্তা এজেন্সি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২২ প্রণয়নের নিমিত্ত চেকলিস্ট অনুসারে অথ্যাদি (হার্ডকপিতে) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

## ২.৩. সাময়িকভাবে ব্যবহৃত জনবল কাঠামো (অর্গানোগ্রাম)



## ২.৪. কর্মরত জনবল

| ক্রমিক | ছবি | নাম ও পদবি |
|---|---|---|
| ১ |  | মোঃ খায়রুল আমীন<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) * |
| ২ |  | মোঃ আবদুস সাত্তার সরকার<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) (যুগ্মসচিব) * |
| ৩ |  | তারেক এম বরকতউল্লাহ<br>পরিচালক (অপারেশন) * |
| ৪ |  | এ.টি.এম. জিয়াউল ইসলাম<br>উপ-পরিচালক (প্রশাসন) * |
| ৫ |  | মোহাম্মদ আনোয়ার হোসেন<br>উপ-পরিচালক (অপারেশন) * |
| ৬ |  | যুথিকা মজুমদার<br>সহকারী পরিচালক (প্রশাসন) ** |
| ৭ |  | মোঃ নাঈম খান<br>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ** |
| ৮ |  | উত্তরা শতদ্রু প্রাচী<br>সহকারী পরিচালক (প্রশিক্ষণ) ** |

| | | |
|---|---|---|
| ৯ |  | **মোছাঃ ফারজানা খান তমা**<br>সহকারী পরিচালক (আইন ও পলিসি) ** |
| ১০ |  | **রিয়াজ উদ্দিন**<br>সহকারী পরিচালক (সেবা) ** |
| ১১ |  | **মোঃ জাহিদুল ইসলাম**<br>হিসাবরক্ষণ কর্মকর্তা * |
| ১২ |  | **মো: সফিকুল ইসলাম**<br>ব্যক্তিগত কর্মকর্তা (মহাপরিচালকের দপ্তর) * |
| ১৩ |  | **মল্লিক মনিরুল ইসলাম**<br>ক্যাশিয়ার * |

* অতিরিক্ত দায়িত্ব    ** সংযুক্ত

## ২.৫. সাময়িক কর্মবণ্টন

### (ক) মহাপরিচালক:

- ডিজিটাল নিরাপত্তা এজেন্সির প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন;
- সাইবার নিরাপত্তার ক্ষেত্রে জাতীয় লক্ষ্য অর্জনে সরকারি, বেসরকারি, বিদেশী ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ, সমন্বয়, সহযোগিতা ও প্রয়োজনীয় চুক্তি ((Contract)/এগ্রিমেন্ট (Agreement)/সমঝোতা স্মারক (Memorandum of Uderstanding) স্বাক্ষর;
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ভিত্তিক হুমকি মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে পরামর্শ প্রদান বা, ক্ষেত্রমত, নির্দেশনা দান;
- দেশের ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থার তদারকি;
- কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টীমসমূহের মধ্যে সমন্বয় সাধন ও তত্ত্বাবধান;
- গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো ঘোষণার বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান এবং উক্ত পরিকাঠামো পরিবীক্ষণ ও পরিদর্শনক্রমে উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের নিকট প্রতিবেদন উপস্থাপন;

- সরকারের পূর্বানুমোদনক্রমে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো চিহ্নিতকরণ;
- সরকারের পূর্বানুমোদনক্রমে তথ্য নিরাপত্তার বিধি-বিধান অনুসরণসহ সংরক্ষিত ব্যবস্থার পদ্ধতি নির্ধারণ;
- সরকারের পূর্বানুমোদনক্রমে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর সুরক্ষা প্রদান;
- সরকারের পূর্বানুমোদনক্রমে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর ডিজিটাল নিরাপত্তা মূল্যায়নের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ এবং তাদের প্রতিকারমূলক ব্যবস্থা;
- ডিজিটাল নিরাপত্তা বিঘ্নিত হওয়ার হুমকি সনাক্তকরণ এবং সংরক্ষিত ব্যবস্থার মানদণ্ড নির্ধারণ;
- স্বীয় অধিক্ষেত্রভুক্ত কোনো বিষয়ে ডিজিটাল মাধ্যমে প্রকাশিত বা প্রচারিত কোনো তথ্য-উপাত্ত ডিজিটাল নিরাপত্তার ক্ষেত্রে হুমকি সৃষ্টি করলে উক্ত তথ্য-উপাত্ত অপসারণ বা, ক্ষেত্রমত, ব্লক করার জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনকে অনুরোধ জ্ঞাপন;
- ২ হতে ৯ পর্যন্ত বেতন গ্রেডভুক্ত এজেন্সির নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীগণের নিয়োগ, বদলী ও শৃঙ্খলা সংক্রান্ত বিষয়াদি অনুমোদন;
- প্রতিষ্ঠানের স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টদের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করা;
- পরিচালকদ্বয়ের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) লিখন এবং ৩ ও ৪ বেতন-গ্রেডের কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রতিস্বাক্ষর করা;
- উপযুক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে মাসিক সভা অনুষ্ঠান;
- উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্য যে কোনো দায়িত্ব পালন করা।

**(খ) পরিচালক (প্রশাসন ও অর্থ):**

- কর্মকর্তা-কর্মচারীগণের সাধারণ ও আর্থিক প্রশাসন সংক্রান্ত কার্যাদির তত্ত্বাবধান;
- ১০ হতে ২০ পর্যন্ত বেতন গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীগণের নিয়োগ, বদলী ও শৃঙ্খলা সংক্রান্ত বিষয়াদি অনুমোদন;
- প্রযোজ্য ক্ষেত্রে অধীনস্ত কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন স্বাক্ষর/প্রতিস্বাক্ষর করা;
- এজেন্সির প্রয়োজনে বিভিন্ন মালামাল/সরঞ্জামাদি সংগ্রহ কার্য তত্ত্বাবধান;
- এজেন্সির প্রয়োজনে প্রকল্প ছক প্রণয়ন, সংশোধন ও অনুমোদন সংক্রান্ত কার্যক্রম;
- উন্নয়ন প্রকল্পসমূহের মনিটরিং কার্য তত্ত্বাবধান;
- এজেন্সির রাজস্ব ও উন্নয়ন বাজেট প্রণয়ন, অর্থ ছাড়করণ ও ব্যয় বিবরণী যাচাই কার্য তত্ত্বাবধান;
- সকল প্রকার আর্থিক বিবরণী যথাসময়ে প্রস্তুত ও প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি তত্ত্বাবধান;
- প্রতিমাসে মধ্য মেয়াদী বাজেটের হিসাব মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি তত্ত্বাবধান;
- উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের রোড ম্যাপ প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি তত্ত্বাবধান;
- কর ব্যতীত রাজস্ব  আদায় সংক্রান্ত মাসিক রিটার্ন/প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি তত্ত্বাবধান;
- এজেন্সির কর্মকর্তা/কর্মচারীগণের কোনো বিল পরিশোধে জটিলতা সৃষ্টি হলে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান;
- অধিনস্ত দপ্তরসমূহের অনুকূলে যথাসময়ে অর্থ বরাদ্দ প্রদান কার্যক্রম তত্ত্বাবধান;
- এজেন্সির কার্যক্রম সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

- উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্য যে কোনো দায়িত্ব পালন করা।

**(গ) পরিচালক (অপারেশন):**

- এজেন্সির অপারেশনাল ও কারিগরি বিষয়াদি পরিচালনা ও তদারকি;
- জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিমের কার্যক্রম তদারকি;
- CII অডিট পরিচালনার জন্য ক্যালেন্ডার প্রণয়ন ও দায়িত্ব প্রদান;
- ডিজিটাল ফরেনসিক ল্যাব পরিচালনা কমিটির তদারকি;
- উন্নয়ন প্রকল্পসমূহ প্রণয়নে কারিগরী সহযোগীতা প্রদান;
- সার্ট, ডিজিটাল ফরেনসিক ল্যাব ও অন্যান্য কারিগরি বিষয়ে প্রশিক্ষণ পরিচালনা;
- ডিজিটাল নিরাপত্তা বিষয়ে হুমকী সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন ও কর্তৃপক্ষের অনুমোতিক্রমে সংশ্লিষ্টদের প্রেরণ;
- অধীনস্থ কর্মচারীর গোপনীয় অনুবেদন স্বাক্ষর/প্রতিস্বাক্ষর করা;
- সাইবার নিরাপত্তা সংক্রান্ত ঝুঁকি বিশ্লেষণ ও সংশ্লিষ্টদের সতর্ক বার্তা প্রেরণের ব্যবস্থা গ্রহণ ;
- সাইবার নিরাপত্তা সংক্রান্ত ঝুঁকি, হুমকী, অপরাধ বিষয়ে তথ্য বিশ্লেষণ ও প্রতিরোধ/প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রতিবেদন প্রস্তুত;
- ডিজিটাল অপরাধ প্রতিরোধে আইন প্রয়োগকারী সংস্থাকে কারিগরি সহায়তা প্রদানে ব্যবস্থা গ্রহণ;
- সাইবার নিরাপত্তায় দেশ ও এজেন্সির জন্য অপারেশনাল ও কারিগরি বিষয়াদিতে সহযোগীতা ও প্রযোজ্য ক্ষেত্রে নেতৃত্ব দান;
- অপারেশন বিভাগের অধীনস্ত ইউনিটসমূহের কার্যাদি তদারকি ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;
- কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ভৌত, ইলেকট্রিক্যাল, টেলিকমিউনিকেশন, কম্পিউটার নেটওয়ার্ক ও অন্যান্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো স্থাপন ও ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;
- সরকারি পর্যায়ে ডিজিটাল নিরাপত্তায় সাপোর্ট সেবা প্রদান নিশ্চিতকরণ;
  বিভিন্ন কৌশলগত উদ্যোগ গ্রহণ এবং অধস্তন কর্মীগণের সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- হেল্প-ডেস্ক অপারেশন পরিচালনা নিশ্চিতকরণ;
- উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্য যে কোনো দায়িত্ব পালন করা।

**(ঘ) উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ):**

- পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর নিয়ন্ত্রণাধীনে দায়িত্ব পালন;
- নিয়ন্ত্রণাধীন সহকারী পরিচালকগণের কার্যাদির তদারকি ও তত্ত্বাবধান;
- এজেন্সির কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, বদলী, পদোন্নতি, ছুটি এবং প্রশাসনিক/শৃঙ্খলামূলক ব্যবস্থা সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন;
- এজেন্সির কর্মকর্তা-কর্মচারীগণের অবসর, অবসর সুবিধাদি সংক্রান্ত আদেশ জারি;
- প্রযোজ্য ক্ষেত্রে অধীনস্ত কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন স্বাক্ষর/প্রতিস্বাক্ষর;
- পরিবহন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তত্ত্বাবধান;
- এজেন্সির সম্পদ সঞ্চালন ও সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

- উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্য যে কোনো দায়িত্ব পালন করা।

### (ঙ) উপ-পরিচালক (অপারেশন):

- পরিচালক (অপারেশন)-এর নিয়ন্ত্রণাধীনে দায়িত্ব পালন;
- নিয়ন্ত্রণাধীন সহকারী পরিচালকগণের কার্যাদির তদারকি ও তত্ত্বাবধান;
- এজেন্সির অপারেশনাল ও কারিগরি বিষয়াদি পরিচালনা;
- ভৌত, ইলেকট্রিক্যাল, টেলিকমিউনিকেশন, কম্পিউটার নেটওয়ার্ক ও অন্যান্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো স্থাপন ও ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;
- সরকারি পর্যায়ে ডিজিটাল নিরাপত্তায় সাপোর্ট সেবাদান;
- এজেন্সির মিশন ও ভিশনের আলোকে অপারেশন বিভাগের মিশন ও ভিশন প্রণয়ন ও বাস্তবায়ন;
- হেল্প -ডেস্ক অপারেশন পরিচালনা নিশ্চিতকরণ;
- উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্য যে কোনো দায়িত্ব পালন করা।

### (চ) সহকারী পরিচালক (প্রশাসন):

- সকল কর্মকর্তা কর্মচারীর ব্যক্তিগত নথি সংরক্ষণ;
- সকল কর্মকর্তা কর্মচারীর কর্মবণ্টন;
- এসিআর সংক্রান্ত;
- বদলী/পদায়ন/যোগদান সংক্রান্ত কার্যক্রম;
- ডিজিটাল নিরাপত্তা এজেন্সির গঠন, বিধি, গাইডলাইন, SOP সংক্রান্ত কার্যক্রম;
- ডিজিটাল নিরাপত্তা কাউন্সিল সংক্রান্ত কার্যক্রম;
- কেন্দ্রীয় পত্রপ্রাপ্তি;
- সমন্বয় সভার কার্যক্রম বাস্তবায়ন ও রিপোর্ট প্রদান;
- অভ্যন্তরীণ সভা;
- সমন্বয় সভার কার্যক্রম বাস্তবায়ন ও রিপোর্ট প্রদান;
- মাসিক কার্যাবলির রিপোর্ট প্রদান।

### (ছ) সহকারী পরিচালক (লজিস্টিক):

- ক্রয় ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম;
- বিল পরিশোধ সংক্রান্ত কার্যক্রম;
- যানবাহন ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম;
- ইন্টেরিয়র ব্যবস্থাপনা কার্যক্রম;
- ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম;
- চলমান প্রকল্প সংক্রান্ত কার্যক্রম;
- বই, স্টেশনারী ও অন্যান্য মালামাল ব্যবস্থাপনা;

- চিঠিপত্র প্রাপ্তি নিষ্পত্তি।

**(জ) সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন):**

- প্রকল্প সংক্রান্ত কার্যক্রম;
- ডিএসএ ও এর আওতাধীন সংস্থাসমূহের উন্নয়ন প্রকল্প/কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন পর্যালোচনা
- ডিপিপি ও টিপিপি বিষয়ে মতামত প্রদান
- মন্ত্রণালয়/বিভাগ এর সাথে সমন্বয় সাধন;
- পিপিপি সংক্রান্ত কার্যাবলী;
- এডিপি সমন্বয় সভা সংক্রান্ত কার্যাবলী;
- প্রকল্প বাস্তবায়ন পরিদর্শন ও প্রতিবেদন প্রদান;
- বিভিন্ন প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত কার্যক্রম;
- NIS সংক্রান্ত কার্যক্রম;
- অভিযোগ নিষ্পত্তি;
- নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন;
- সাইবার নিরাপত্তা/ ডিজিটাল কনটেন্ট সংক্রান্ত কার্যক্রম;
- হেল্প-ডেস্ক সংক্রান্ত কার্যক্রম;
- মুজিববর্ষ উদযাপন সংক্রান্ত;
- জিআরএস এর মাসিক প্রতিবেদন।

**(ঝ) সহকারী পরিচালক (প্রশিক্ষণ):**

- ই-নথি ও আইসিটি সংক্রান্ত কার্যক্রম;
- লাইব্রেরী ব্যবস্থাপনা;
- সিকিউরিটি গবেষণা কার্যক্রম সংক্রান্ত;
- আইন, বিধি, নীতিমালা ইত্যাদি প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম;
- সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম;
- এস ডি জি সংক্রান্ত;
- আন্তর্জাতিক বিষয়াবলী সম্পর্কিত প্রতিবেদন।

**(ঞ) সহকারী পরিচালক (বাজেট):**

- বাজেট ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম;
- আপ্যায়ন সংক্রান্ত কার্যক্রম;
- APA সংক্রান্ত কার্যক্রম;
- বিভিন্ন প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত;

- পরিদর্শন ও পরিদর্শনের সিদ্ধান্ত বাস্তবায়ন;
- মাস্ক পরিধান ও হাইজিন নিশ্চিতকরণ।

**(ট) সহকারী পরিচালক (আইটি অডিট):**

- সংস্থা বা প্রতিষ্ঠানের স্ট্রাটেজিক প্ল্যান অনুধাবন;
- আইটি সার্ভিস সাপোর্ট মডেল তৈরিতে সহায়তা;
- সংস্থা বা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়নের জন্য প্রয়োজনীয় এপ্লিকেশন ইন্সটল/ডেভেলপমেন্টে সহায়তা প্রদান;
- বড় ধরনের প্রকল্পে আইটি অডিট সংক্রান্ত সহায়তা;
- আইটি ঝুঁকি সম্পর্কে তথ্য ও উপাত্ত সমেত ধারণা প্রদান;
- অডিট সাইকেল এবং ফ্রিকুয়েন্সি সম্পর্কে ধারণা প্রদান;
- আইটি সাপোর্ট যন্ত্রপাতির পারদর্শিতা মূল্যায়ন ও বাজারদর নির্ধারণ;
- বিভিন্ন আইটি সাপোর্ট পরিকল্পনা-গুলোর বৈধতা যাচাই;
- CII সমূহের আইটি অডিট প্রতিবেদন সংগ্রহ, পর্যালোচনা।

**(ঠ) সহকারী পরিচালক (সাইবার নিরাপত্তা):**

- প্রচার ও বিজ্ঞাপন সংক্রান্ত কার্যক্রম;
- ডিএসএ'র বিধিমালা প্রণয়ন, বাস্তবায়ন ও সংশোধন সংক্রান্ত;
- ডিজিটাল টাস্কফোর্স সংক্রান্ত কার্যাবলি;
- সাইবার নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম;
- সাইবার ক্রাইম ডিটেক্ট ও প্রটেকশনে সহায়তা করা;
- কম্পিউটার সিকিউরিটি ও কম্পিউটার ভাইরাস সম্পর্কে সচেতনতা সৃষ্টি।

**(ড) সহকারী পরিচালক (ফরেনসিক ল্যাব):**

- ফরেনসিক ল্যাব বিশেষজ্ঞ হিসেবে দায়িত্ব পালন;
- আইন ও বিধিমালায় বর্ণিত মানদণ্ড অনুযায়ী ল্যাব কর্মকর্তাদের প্রশিক্ষণ নিশ্চিতকরণ;
- সকল কর্মকর্তা ও কর্মচারীর কর্মদক্ষতা, পারদর্শিতা ও দক্ষতা মূল্যায়ন;
- হার্ডওয়্যার, সফটওয়্যার ও অন্যান্য যন্ত্রপাতির সঠিক কার্যকারিতা নিশ্চিতকরণে সহায়তা প্রদান;
- ফরেনসিক ল্যাবের উপযোগী হার্ডওয়্যার ও সফটওয়্যার গুনগত মান নিশ্চিত এবং ব্যবহারের সুপারিশকরণ সহায়তা প্রদান;
- ইলেক্ট্রনিক যন্ত্র হতে তথ্য উপাত্ত সংগ্রহ ও পুনরুদ্ধার ও নিরপেক্ষ প্রতিবেদন;
- ফরেনসিক নমুনা ও আলামত সংগ্রহ;
- মামলার কারিগরি ও প্রশাসনিক প্রতিবেদন পর্যালোচনা।

**(ঢ) সহকারী পরিচালক (মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন):**

- সংস্থা বা প্রতিষ্ঠানের নিরাপত্তা সম্পর্কিত সকল কিছুর তদারকি ও মূল্যায়নে সহায়তা প্রদান;

- মনিটরিং প্রতিবেদন তৈরি;
- বিভিন্ন ডিভাইসের কর্মদক্ষতা মূল্যায়ন ও প্রতিবেদন;
- আইটি অডিট, সাইবার নিরাপত্তা ও ফরেনসিক ল্যাবের মধ্যে বিভিন্ন ধরনের কাজের সমন্বয় সাধন করা।

**(ণ) সহকারী পরিচালক (আইন বিধি ও পলিসি):**

- আইন সংক্রান্ত কার্যক্রম;
- সকল পলিসি/ গাইডলাইন নীতিমালা সংক্রান্ত কার্যক্রম;
- তথ্যবাতায়ন হালনাগাদকরণ এবং সোশ্যাল মিডিয়া মনিটরিং সংক্রান্ত;
- সিটিজেন চার্টার সংক্রান্ত;
- ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ।

## ৩. ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত আইন, বিধি-বিধান, স্ট্র্যাটেজি ইত্যাদি

২০২১-২২ অর্থবছরে নিম্নোক্ত আইন, বিধি-বিধান, স্ট্র্যাটেজি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে—

**(ক) গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো ডিজিটাল নিরাপত্তা সুরক্ষা গাইডলাইন, ২০২২:**

গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোসমূহের ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থা সুরক্ষার জন্য অনুসরণীয় গাইডলাইন হিসেবে "গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো ডিজিটাল নিরাপত্তা সুরক্ষা গাইডলাইন, ২০২২" (প্রথম সংস্করণ) প্রণয়ন করা হয়েছে। গাইডলাইনের গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিম্নরূপ:

- গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোসমূহের পালনীয় নির্দেশাবলি;
- গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর ডিজিটাল নিরাপত্তা ঝুঁকি নিরূপণ;
- ডিজিটাল নিরাপত্তা বিঘ্নিত হইবার ঘটনা শনাক্তকরণ ও প্রতিরোধকরণ;
- ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত সচেতনতা সৃষ্টি;
- ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত প্রশিক্ষণ;
- নিরাপদ পরিচলন ব্যবস্থা;
- অনুসরণীয় উত্তম চর্চা।

**(খ) বাংলাদেশ সাইবার সিকিউরিটি স্ট্রাটেজি, ২০২১-২৫:**

ডিজিটাল বাংলাদেশ উদ্যোগের অন্তর্ভুক্ত সাইবার সিকিউরিটি সংক্রান্ত উদ্দেশ্যসমূহ পূরণ করার লক্ষ্যে সাইবার সিকিউরিটি স্ট্রাটেজি ২০২১-২৫ প্রণয়ন করা হয়েছে এবং তা ডিজিটাল বাংলাদেশ উদ্যোগের সংশ্লিষ্ট ৪ টি স্তম্ভে ভাগ করা হয়েছে। স্ট্রাটেজির গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিম্নরূপ:

- Digital Government ;
- Human Resource Development;
- IT Industry Promotions;
- Connecting Citizens.

### (গ) ডিজিটাল ফরেনসিক সংক্রান্ত গাইডলাইন, ২০২২ (খসড়া):

ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপন, পরিচালনা এবং ব্যবহার সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়নে "ডিজিটাল ফরেনসিক ল্যাব গাইডলাইন, ২০২২" (খসড়া) প্রণয়ন করা হয়েছে। গাইডলাইনের গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিম্নরূপ:

- ডিজিটাল ফরেনসিক ল্যাব ব্যবস্থাপনা;
- ডিজিটাল ফরেনসিক ল্যাবের উপকরণ;
- ডিজিটাল ফরেনসিক কেস ব্যবস্থাপনা;
- ফরেনসিক পরীক্ষার পর্যায়;
- ডিজিটাল ফরেনসিক নমুনা বা আলামত পরীক্ষণ;
- ডিজিটাল ফরেনসিক নমুনা বা আলামত বিশ্লেষণ;
- ফরেনসিক প্রতিবেদন প্রস্তুতকরণ ও উপস্থাপন;
- ডিজিটাল ফরেনসিক ল্যাবরেটরির অনুসরণীয় মানদণ্ড।

### (ঘ) উপাত্ত সুরক্ষা আইন, ২০২২ (খসড়া):

ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক এবং সরকারি তথ্যের সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে "উপাত্ত সুরক্ষা আইন, ২০২২" (খসড়া) প্রণয়ন করা হয়েছে। আইনের গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিম্নরূপ:

- ব্যক্তিগত উপাত্ত সুরক্ষা (ফার্ম, কোম্পানি ও সংস্থাসহ);
- উপাত্ত সুরক্ষার মূলনীতিসমূহ;
- উপাত্তধারীর অধিকার;
- উপাত্ত প্রক্রিয়াকরণ পদ্ধতি (শিশুর উপাত্তসহ);
- যে যে ক্ষেত্রে উপাত্তধারীর সম্মতি প্রয়োজন নেই;
- উপাত্ত সংরক্ষণ ও নিরাপত্তা;
- উপাত্ত গোপনীয়তা লঙ্ঘনের ক্ষেত্রে বিধান;
- উপাত্ত মজুদ ও আন্তঃরাষ্ট্রীয় তথ্য প্রবাহ;
- উপাত্ত সুরক্ষা ব্যবস্থাপনা;
- আইন লঙ্ঘনের ক্ষেত্রে প্রশাসনিক ব্যবস্থা ও জরিমানা;
- উপাত্ত নিয়ন্ত্রকের দায়-দায়িত্ব।

### (ঙ) ক্লাউড কম্পিউটিং নীতিমালা, ২০২১ (খসড়া):

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির টেকসই অগ্রগতি ও এর ধারাবাহিকতা বজায় রাখতে প্রযুক্তির ক্রমবিকাশের জন্য সর্বাধুনিক প্রযুক্তি হিসেবে ক্লাউড পরিসেবা গ্রহণে সরকারি ও সরকার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহকে উৎসাহিত করতে "ক্লাউড কম্পিউটিং নীতিমালা, ২০২১" (খসড়া) প্রণয়ন করা হয়েছে। নীতিমালার গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিম্নরূপ:

- সরকারি পর্যায়ে ক্লাউড সেবা গ্রহণকারীর দায়িত্বাবলী;
- বেসরকারি পর্যায়ে ক্লাউড সেবা গ্রহণকারীর দায়িত্বাবলী;
- ক্লাউড নিরাপত্তা;
- তথ্য নিরাপত্তা ও গোপনীয়তা;
- আন্তর্জাতিক পাবিলক ক্লাউড ব্যবহারের পদ্ধতি;
- বাংলাদেশে কাযকর্ম পরিচালনায় আন্তর্জাতিক পাবিলক ক্লাউড সেবাপ্রদানকারীকে প্রদত্ত সুবিধাসমূহ।

## ৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২

সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং কর্মপ্রীতি বা পারফরমেন্স মূল্যায়নের লক্ষ্যে সরকার ২০১৪-১৫ অর্থবছর হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রবর্তন করে। এরই ধারাবাহিকতায় ২০২১-২২ অর্থবছরে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করে। এই চুক্তিতে এজেন্সি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ, এসকল কৌশলগত উদ্দেশ্য অর্জনের জন্য গৃহীত কার্যক্রমসমূহ এবং এসকল কার্যক্রমের ফলাফল পরিমাপের জন্য কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এ সকল কার্যক্রমকে সামনে রেখে ১৫ জুন, ২০২১ তারিখ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়।

**ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কৌশলগত উদ্দেশ্য (২০২১-২০২২)**

| ক্রমিক | উদ্দেশ্য | গৃহীত কার্যক্রম | কর্মসম্পাদন সূচক |
|---|---|---|---|
| ১ | ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদানের পরিকাঠামোগত সুবিধা সৃষ্টি | ৪ টি | ৪ টি |
| ২ | ডিজিটাল নিরাপত্তায় সেবা প্রদান | ৬ টি | ৬ টি |
| ৩ | ডিজিটাল নিরাপত্তায় জনসচেতনতা বৃদ্ধি | ৬ টি | ৬ টি |

### ৪.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির উল্লেখযোগ্য অর্জন (২০২১-২০২২)

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি ২০২০-২১ অর্থবছরে চূড়ান্ত মূল্যায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার মধ্যে প্রথম স্থান অর্জন করেছে। উক্ত মূল্যায়নে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি ৯৬.৫৮ নম্বর পেয়েছে। ২০২১-২২ অর্থবছরে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাধ্যমে উল্লেখযোগ্য অর্জন নিম্নরূপ-

| ক্র. | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|

| নং. | | | | |
|---|---|---|---|---|
| ১ | Critical Information Infrastructure এর আইটি অডিট সম্পন্নকরণ | ২ টি | ২ টি | ২০২১-২০২২ অর্থবছরে মোট ০২ টি আইটি অডিট সম্পন্ন করা হয়েছে। |
| ২ | গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (সিআইআই) প্রতিষ্ঠান প্রধানগণ এর সাথে সভা আয়োজন | ২ টি | ২ টি | ২০২১-২০২২ অর্থবছরে গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (সিআইআই) প্রতিষ্ঠান প্রধানগণ এর সাথে মোট ২ (দুই) টি সভা আয়োজন করা হয়েছে। |
| ৩ | সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত অনলাইন প্রশিক্ষণ পরিচালনা | ১০০০০ জন | ১০৩৬৭ জন | সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত অনলাইন প্রশিক্ষণ 'মুক্তপাঠ' অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে পরিচালনা করা হয়েছে এবং ১০৩৬৭ জন প্রশিক্ষণার্থী এই কোর্সটি সম্পন্ন করেছেন। |
| ৪ | সাইবার নিরাপত্তা বিষয়ক সেমিনার/কর্মশালা আয়োজন | ৮ টি | ৮ টি | সাইবার নিরাপত্তা বিষয়ক ৮টি সেমিনার/কর্মশালা আয়োজন করা হয়েছে। |
| ৫ | সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সাইবার বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ২০০ জন | ৩৩৫ জন | ২০২১-২২ অর্থবছরে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি হতে বিভিন্ন সরকারি দপ্তরের ৩৩৫ জন কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে সাইবার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |

## ৫. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০২১-২০২২ সালের কর্মপরিকল্পনা

জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের প্রণীত ছকে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নৈতিকতা কমিটির সুপারিশক্রমে ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন করা হয়। কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য এ এজেন্সির নৈতিকতা কমিটি গঠন করা হয়। ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির ৪টি সভা ও অংশীজনের অংশগ্রহণে ২টি সভা/সেমিনার আয়োজন করা হয়। শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ এজেন্সির কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

মন্ত্রিপরিষদ বিভাগের 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য ২০২১-২২ অর্থবছরে এ এজেন্সির ২ (দুই) জন কর্মকর্তাকে পুরস্কার প্রদান করা হয়। শুদ্ধাচার পুরস্কার হিসেবে উক্ত কর্মকর্তাকে সনদপত্র প্রদান করা হয়। উক্ত কর্মকর্তা হলেন:

- জনাব যুথিকা মজুমদার, সহকারী পরিচালক (প্রশাসন), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

- জনাব উত্তরা শতদ্রু প্রাচী, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), ডিজিটাল নিরাপত্তা এজেন্সি

## ৫.১. শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গৃহীত কার্যক্রম, লক্ষ্যমাত্রা ও অর্জন:

| ক্রম | কার্যক্রমের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ১ | ১.১ নৈতিকতা কমিটির সভা | ৪ | ৪ |
| ২ | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ৬ | ৬ |
| ৩ | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ২ | ২ |
| ৪ | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ২ | ২ |
| ৫ | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন | ২ | ২ |
| ৬ | ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ) | ১০-০৬-২০২১<br>১৭-১০-২০২১<br>১৬-০১-২০২১<br>১৭-০৪-২০২২<br>১৭-০৭-২০২২ | ১০-০৬-২০২১<br>১৭-১০-২০২১<br>১৬-০১-২০২১<br>১৭-০৪-২০২২<br>১৭-০৭-২০২২ |
| ৭ | ১.৮ শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ১৫-০৬-২০২২ | ১৫-০৬-২০২২ |
| ৮ | ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ২৮-০৭-২০২১ | ২৮-০৭-২০২১ |
| ৯ | ৩.১ সরকারি কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে সাইবার সচেতনতামূলক প্রশিক্ষণ | ৪ | ৪ |
| ১০ | ৩.২ সিটিজেন চার্টার হালনাগাদকরণ ও কিয়স্ক এ দৃশ্যমান | ৪ | ৪ |
| ১১ | ৩.৩ গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (CII) অডিট | ২ | ২ |
| ১২ | ৩.৪ সাইবার সচেতনতামূলক ক্যাম্পেইন/সেমিনার | ২ | ২ |
| ১৩ | ৩.৫ সাইবার ড্রিল আয়োজন | ১ | ১ |

## ৬. ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম

বর্তমান সরকার সুশাসন প্রতিষ্ঠা এবং সেবামুখী জনপ্রশাসন বিনির্মাণে বদ্ধপরিকর। কাঙ্ক্ষিত মানের সেবা প্রদানের মাধ্যমে জনপ্রত্যাশা পূরণ তথা সুশাসন প্রতিষ্ঠা বর্তমান সরকারের অন্যতম নির্বাচনী অঙ্গীকার। সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে গভর্ন্যান্স ও উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন অনুশীলনে, সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ ও


বাস্তবায়নের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। এরই অংশ হিসেবে ২০২১-২২ অর্থবছরে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন করে।

ডিজিটাল নিরাপত্তা এজেন্সির বার্ষিক উদ্ভাবন কর্মকপরিকল্পনা ২০২১-২২ এ ১৫টি উদ্দেশ্য অন্তর্ভুক্ত করা হয় যা নিম্নরূপ:

| ক্রমিক | উদ্দেশ্য | কর্মসম্পাদন সূচক | অর্জিত মান |
|---|---|---|---|
| ১ | উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ৫ (তারিখ) | ৫ |
| ২ | সেবা সহজিকরণ | ৫ (তারিখ) | ৫ |
| ৩ | সেবা ডিজিটাইজেশন | ৫ (তারিখ) | ৫ |
| ৪ | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারনা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | ৪ (তারিখ) | ৪ |
| ৫ | ই-নথির ব্যবহার বৃদ্ধি | ৬ (%) | ৬ |
| ৬ | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করনীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | ৪ (সংখ্যা) | ৪ |
| ৭ | তথ্য বাতায়ন হালনাগাদকরন | ৬ (তারিখ) | ৬ |
| ৮ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ১৫ (সংখ্যা, %, তারিখ) | ১৫ |

## ৬.১. প্রোগ্রাম ম্যানেজমেন্ট সিস্টেম (PMS)

ডিজিটাল নিরাপত্তা এজেন্সির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ক্রমিক নং [১.১.১] মোতাবেক একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়ে বাধ্যবাধকতা রয়েছে । ডিজিটাল নিরাপত্তা এজেন্সি প্রতিনিয়ত সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের কার্যক্রমে গতিশীলতার লক্ষ্যে সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশনকরণের কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় "প্রোগ্রাম ম্যানেজমেন্ট সিস্টেম (PMS)" নামক সিস্টেমটি চালু করা হয়। উক্ত সিস্টেম ব্যবহার করে অতি সহজে প্রশিক্ষণ/সেমিনার এর ক্যালেন্ডার তৈরী, প্রমাণক সংগ্রহ, ডেডলাইন মনিটরিং ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা যাচ্ছে। প্রোগ্রাম ম্যানেজমেন্ট সিস্টেম (PMS) ব্যবহার করে এদপ্তরের সকল প্রশিক্ষণ/সেমিনার কার্যক্রম পরিচালনা করা হচ্ছে যা দপ্তরের সকল কর্মপরিকল্পনা বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।




**চিত্রঃ** “প্রোগ্রাম ম্যানেজমেন্ট সিস্টেম (PMS)” এর ড্যাশবোর্ড

## ৬.২. নৈমিত্তিক ছুটি ব্যবস্থাপনা (leave.dsa.gov.bd)

ডিজিটাল নিরাপত্তা এজেন্সির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ক্রমিক নং [১.৩.১] মোতাবেক ন্যূনতম একটি সেবা ডিজিটাইজেশন করার নির্দেশনা রয়েছে। ডিজিটাল নিরাপত্তা এজেন্সি প্রতিনিয়ত সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের কার্যক্রমে গতিশীলতার লক্ষ্যে সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশনকরণের কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় “নৈমিত্তিক ছুটি ব্যবস্থাপনা” নামক সেবা ডিজিটাইজেশন সিস্টেমটি চালু করা হয়েছে। উক্ত সিস্টেম ব্যবহার করে অতি সহজে বর্তমানে এদপ্তরের কর্মকর্তা/কর্মচারী নৈমিত্তিক ছুটির আবেদন দাখিল করছে ও অনুমোদন দেওয়া হচ্ছে। নৈমিত্তিক ছুটি ব্যবস্থাপনা সিস্টেম ব্যবহার করে ৩০ জুন ২০২২ পর্যন্ত ৩ (তিন) জন কর্মকর্তা ছুটি ভোগ করেছেন।





**চিত্রঃ** “নৈমিত্তিক ছুটি ব্যবস্থাপনা (leave.dsa.gov.bd)” এর ড্যাশবোর্ড

## ৭. বাজেট বরাদ্দ এবং ব্যয় সংক্রান্ত তথ্য (পরিচালন)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন ডিজিটাল নিরাপত্তা এজেন্সিতে গত ২০২১-২২ অর্থবছরের পরিচালন বাজেটে মোট বরাদ্দ ছিল ৫,৭০,০০,০০০/- (পাঁচ কোটি সত্তর লক্ষ টাকা) এবং পরবর্তীতে সংশোধিত বাজেটে বরাদ্দ দেওয়া হয় ৫,৫০,৯২,০০০/- (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ বিরানব্বই হাজার টাকা)। ২০২১-২২ অর্থবছরে পরিচালন বাজেটে সংশোধিত বাজেট বরাদ্দের ৩,২৩,৫৫,১২১/- (তিন কোটি তেইশ লক্ষ পঞ্চান্ন হাজার একশত একুশ) টাকা ব্যয় হয় যা মোট বাজেটের ৫৮.৭৩% । এবং অব্যয়িত বাজেটের পরিমাণ ২,২৭,৩৬,৮৭৯/- যা মোট বাজেটের ৪১.২৭%।

২০২১-২২ অর্থবছরে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির পরিচালন বাজেট বরাদ্দ এবং ব্যয়:

| বাজেটের ধরণ | বরাদ্দ | সংশোধিত বরাদ্দ | ব্যয় |
|---|---|---|---|
| **পরিচালন** | ৫৭০.০০ লক্ষ | ৫৫০.৯২ লক্ষ | ৩২৩.৫৫ লক্ষ |




**চিত্রঃ** ২০২১-২২ অর্থবছরে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির পরিচালন বাজেট বরাদ্দ এবং ব্যয়

## ৮. অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম

২০২১-২২ অর্থবছরে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির অডিট আপত্তির স্থিতি ছিল ৪ টি। ২০২১-২২ অর্থবছরে এ এজেন্সির অডিট আপত্তির বিবরণ নিম্নরূপ:

| ক্রম | মন্ত্রনালয়/বিভাগ/সংস্থা/এজেন্সি | মোট অডিট আপত্তি | | নিস্পন্ন অডিট আপত্তি | | অনিস্পন্ন অডিট আপত্তি | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | আপত্তির ধরণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ডিজিটাল নিরাপত্তা এজেন্সি | ৪ | ০.০৫৮৩৭ | ০ | ০ | ৪ | ০.০৫৮৩৭ | সাধারণ |

## ৯. ই-ফাইলিং বাস্তবায়ন

সরকারি কাজের গতি বাড়াতে ২০১৬ সাল থেকে ই-নথি কার্যক্রম শুরু হয়। সরকারি কাজের সেবাকে ডিজিটাল করতেই ই-নথির উদ্যোগ নেওয়া হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ই-নথি অগ্রণী ভূমিকা রাখছে। ই-নথিকে বলা হচ্ছে কাগজহীন সরকারি দপ্তর। এর মাধ্যমে সরকারি কাজের গতি ও স্বচ্ছতা বেড়েছে। এই প্ল্যাটফর্ম ব্যবহারে দাপ্তরিক কাজে কমে আসছে দুর্নীতি ও সময়ক্ষেপণের সুযোগ। ই-নথির মাধ্যমে সরকারি কাজে জবাবদিহি বাড়ছে। ই-নথির এসকল বৈশিষ্ট্যের কারণে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র কার্যক্রমে সেবার স্বচ্ছতা ও সময়ানুবর্তিতা নিশ্চিত হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি হতে ১৩৪৫টি নথি ই-নথির মাধ্যমে নিস্পত্তি করা হয়েছে এবং ৯১৯ টি পত্র ই-নথির মাধ্যমে জারি করা হয়েছে।

## ১০. সেবা প্রদান প্রতিশ্রুতি ও অভিযোগ নিস্পত্তি

ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২১-২২ অর্থবছরে হালনাগাদ করা হয়েছে। এতে ২টি নাগরিক সেবা, ৮টি দাপ্তরিক সেবা ও ৮টি অভ্যন্তরীণ সেবা যুক্ত করা হয়েছে। সেবা প্রাপ্তিতে অসন্তুষ্টির ক্ষেত্রে সেবাগ্রহীতার অভিযোগ নিস্পত্তির জন্য অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) এবং আপিল কর্মকর্তা নির্ধারণ করা হয়েছে।

## ১১. ডিজিটাল নিরাপত্তা এজেন্সির এসডিজি বাস্তবায়ন রোডম্যাপ ২০১৯-২০৩০

| ক্ষেত্র | ২০১৯ সালের প্ল্যানিং ও রোডম্যাপ | আগামী ০২ বছরের প্ল্যানিং ও রোডম্যাপ (২০২১) | আগামী ০৫ বছরের প্ল্যানিং ও রোডম্যাপ (২০২৪) (ক্রমপুঞ্জিত) | আগামী ১০ বছরের প্ল্যানিং ও রোডম্যাপ (২০৩০) (ক্রমপুঞ্জিত) |
|---|---|---|---|---|
| **১। সাইবার নিরাপত্তা বিধানে আইনি কাঠামো শক্তিশালীকরণ (এসডিজি টার্গেট ১৭.৮)** | ১.১ ডিজিটাল নিরাপত্তা এজেন্সি (ক্ষমতা ও কার্যাবলী) বিধিমালা-২০১৯ প্রণয়ন<br><br>১.২ জাতীয় নিরাপত্তা কাউন্সিলের ১টি সভা আহবান<br><br>১.৩ জনবল নিয়োগ বিধিমালার প্রাথমিক খসড়া প্রণয়ন | ১.৪ ডেটা প্রাইভেসি এন্ড প্রটেকশন বিধিমালা প্রণয়ন<br>১.৫ জনবল নিয়োগ বিধিমালা প্রণয়ন<br>১.৬ Forensic lab accreditation rules প্রণয়ন<br>১.৭ NCERT স্থাপন/পরিচালনা সংক্রান্ত বিধিমালা প্রণয়ন<br>১.৮ জাতীয় নিরাপত্তা কাউন্সিলের ৬টি সভা আহবান | ১.৯ জাতীয় নিরাপত্তা কাউন্সিলের ১২টি সভা আহবান | ১.১০ জাতীয় পর্যায়ে সকল সরকারি দপ্তরে ইনফরমেশন অডিট বাধ্যতামূলক করা |
| **২। ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র পরিকাঠামোগত** | ২.১ ডিজিটাল নিরাপত্তা এজেন্সি স্থাপনের প্রকল্প প্রস্তাব পরিকল্পনা | ২.৫ ডিজিটাল নিরাপত্তা এজেন্সি স্থাপনের প্রকল্প বাস্তবায়ন<br>২.৬ | ২.১০ বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর এ ৩ একর জায়গার উপরে | ২.১২ রাজধানীর আগারগাঁও এ আইসিটি বিভাগের সন্নিহিত এলাকায় |

| | | | | |
|---|---|---|---|---|
| **সুবিধা সৃষ্টি (এসডিজি টার্গেট ১৭.৮)** | বিভাগে প্রেরণ<br>২.২ বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়াকৈর এ ৩ একর জায়গা বরাদ্দ গ্রহণ<br>২.৩ রাজধানীর আগারগাঁও এ আইসিটি বিভাগের সন্নিহিত এলাকায় এজেন্সি'র প্রধান কার্যালয় স্থাপনের লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ<br>২.৪ কোরিয়া এর কারিগরি ও আর্থিক সহায়তায় Establishment of Digital Security Agency নামক PDPP অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ | জাপান/কোরিয়া/চীন এর সহায়তায় ডিজিটাল নিরাপত্তা এজেন্সির অবকাঠামো তৈরির প্রকল্প গ্রহণের মাধ্যমে বাস্তবায়ন কার্যক্রম শুরু করা<br>২.৭ এজেন্সির কার্যালয় স্থাপনে প্রয়োজনীয় লে-আউট ও নকশা প্রণয়ন<br>২.৮ এজেন্সির কার্যালয় ভবন নির্মাণে ঠিকাদার প্রতিষ্ঠান নির্বাচন ও কার্যাদেশ প্রদান<br>২.৯ ডিজিটাল ফরেনসিক ল্যাব, NCERT, ন্যাশনাল সিকিউরিটি অপারেশন সেন্টার স্থাপনের জন্য ঠিকাদার প্রতিষ্ঠান নির্বাচন ও কার্যাদেশ প্রদান | আন্তর্জাতিক মানের সুবিধা সম্পন্ন কার্যালয় ভবন নির্মাণ সম্পন্নকরণ<br>২.১১ এজেন্সির ভবনে ন্যাশনাল ডিজিটাল ফরেনসিক ল্যাব, NCERT, ন্যাশনাল সিকিউরিটি অপারেশন সেন্টার স্থাপনের অবকাঠামো নির্মাণ সম্পন্নকরণ | এজেন্সি'র প্রধান কার্যালয় স্থাপন সম্পন্নকরণ |
| **৩। সাইবার নিরাপত্তা বিধানে সক্ষমতা অর্জন ও সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম (এসডিজি টার্গেট ৯সি)** | ৩.১ সরকারি কর্মকর্তাদের জন্য ডিজিটাল নিরাপত্তা অনলাইন কোর্স প্রণয়ন<br>৩.২ ৩৫০ জন মাননীয় সংসদ সদস্যগণের জন্য ডিজিটাল লিডারশীপ প্রোগ্রামের কন্টেন্ট তৈরিকরণ<br>৩.৩ জনবল নিয়োগের লক্ষ্যে সাংগঠনিক কাঠামো তৈরিকরণ | ৩.৪ জনবল নিয়োগ সম্পন্নকরণ<br>৩.৫ ৫টি Critical Information Infrastructure এর ইনফরমেশন অডিট সম্পন্নকরণ<br>৩.৬ ডিজিটাল ফরেনসিক ল্যাবসমূহের ইনফরমেশন অডিট সম্পন্নকরণ | ৩.৭ নিয়োগকৃত জনবলের বিশেষায়িত প্রশিক্ষণ<br>৩.৮ আন্তর্জাতিক পর্যায়ে সাইবার নিরাপত্তা বিষয়ক কর্মশালা আয়োজন<br>৩.৯ সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৬৪টি জেলায় ৬৪টি সচেতনতামূলক সেমিনার/কর্মশালা আয়োজন<br>৩.১০ Critical Information Infrastructure এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক | ৩.১৪ ৫০০০ জন সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ তৈরির জন্য Certification ব্যবস্থা চালুকরণ<br>৩.১৫ সকল গুরুত্বপূর্ণ তথ্য অবকাঠামোর ইনফরমেশন অডিট প্রতিবেদন গ্রহণ ও পর্যালোচনা<br>৩.১৬ সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৬৪টি জেলায় ৬৪টি সচেতনতামূলক সেমিনার/কর্মশালা আয়োজন<br>৩.১৭ Critical Information Infrastructure এ কর্মরত |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সচেতনতামূলক প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজন<br>৩.১১ ৩৫০ জন মাননীয় সংসদ সদস্যগণের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজন<br>৩.১২ দেশব্যাপী ৬৪টি জেলায় ও ৪৯২টি উপজেলায় কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজন<br>৩.১৩ ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত রিসার্চ ফোরাম গঠন | কর্মকর্তা/কর্মচারীদের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজন<br>৩.১৮ ৩৫০ জন মাননীয় সংসদ সদস্যগণের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজন<br>৩.১৯ দেশব্যাপী ৬৪টি জেলায় ও ৪৯২টি উপজেলায় কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতামূলক প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজন |

## ১২. ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সাম্প্রতিক গৃহীত কার্যক্রম

### ১২.১. সাইবার নিরাপত্তা ও বুলিং বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম

- প্রশিক্ষণ/সেমিনার: বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, মাঠপর্যায়ের প্রশাসনিক কর্মকর্তাসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের নিয়ে সাইবার সচেতনতামূলক ১৬ (ষোল) টি সেমিনার/প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।
- মুক্তপাঠ: ডিজিটাল নিরাপত্তা বিষয়ে সাধারণ জনগণকে সচেতন করার লক্ষ্যে মুক্তপাঠে ডিজিটাল নিরাপত্তা অনলাইন কোর্স চালু করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ১০৩৬৭ জন প্রশিক্ষণার্থী এই কোর্সটি সম্পন্ন করেছেন। তাছাড়া, এ পর্যন্ত ৭৯,৩০৭ জন উক্ত কোর্সে অংশগ্রহণ করেন।



**চিত্র:** ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সাইবার সচেতনতা সৃষ্টিমূলক সেমিনার, বিটাক।




**চিত্র:** ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সাইবার সচেতনতা মূলক প্রশিক্ষণ, NCERT.

- সরকারি প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাগণের জন্য সাইবার নিরাপত্তা বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজন করা হয়েছে এবং এ পর্যন্ত ৩৩৫(তিনশত পঁয়ত্রিশ) জন কর্মকর্তা উক্ত প্রশিক্ষণ সম্পন্ন করেছে।
- ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে BGD e-GOV CIRT আইসিটি ডিভিশনের কর্মকর্তাদের জন্য “Cybersecurity and Secure Computer User” প্রশিক্ষণের আয়োজন করা হয়।



**চিত্র:** আইসিটি ডিভিশনের কর্মকর্তাগণের জন্য “Cybersecurity and Secure Computer User” প্রশিক্ষণ, ২২ ফেব্রুয়ারি ২০২২।

- ১০-১৬ মার্চ ২০২২ তারিখে BGD e-GOV CIRT বাংলাদেশ পুলিশ এর জন্য Information Systems Audit উপর ৫ দিন ব্যাপি প্রশিক্ষণের আয়োজন করা হয়। সেখানে পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাগণ অংশগ্রহণ করে।
- ১৩ -১৬ মার্চ ২০২২ তারিখে BGD e-GOV CIRT বাংলাদেশ সেনাবাহিনীর এর জন্য Secure Computer User এর উপর ৪ দিন ব্যাপি প্রশিক্ষণের আয়োজন করা হয়। সেখানে Army Information Technology Support Organization এর কর্মকর্তাগণ অংশ গ্রহণ করে।
- গত ২২-২৪ মার্চ ২০২২ তারিখে BGD e-GOV CIRT বাংলাদেশ সেনাবাহিনীর এর জন্য Basic Cyber Security এর উপর ৩ দিন ব্যাপি প্রশিক্ষণের আয়োজন করা হয়। সেখানে MIST এর কর্মকর্তাগণ অংশ গ্রহণ করে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করা হয়।
- ২০-২৪ মার্চ ২০২২ তারিখে BGD e-GOV CIRT অর্থ বিভাগের iBAS++ এর জন্য Information Systems Audit এর উপর ৫ দিন ব্যাপি প্রশিক্ষণের আয়োজন করা হয়। সেখানে iBAS++ এর কর্মকর্তাগণ অংশগ্রহণ করে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করা হয়।

- ২৮ সেপ্টেম্বর, ২০২১ মঙ্গলবার স্বাগতিক দেশ ওমানে ‘Enhance Cyber Security Readiness’ বিষয়ে OIC-CERT -এর বাৎসরিক সাইবার ড্রিল ‘$9^{th}$ Arab Regional and OIC-CERT Cyber Drill 2021’ অনুষ্ঠিত হয়। ৪ (চার) ঘন্টার এই ড্রিলে ২০ (বিশ) টি টিম অংশ নেয়। বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলংকা, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, কাতার, আরব আমিরাত, তুরস্ক, সিরিয়া, প্যালেস্টাইন, কাজাখস্তান, উজবেকিস্তান, মরক্কো, মিশর, লিবিয়া,

তিউনিশিয়া, নাইজেরিয়া ও বেনিন -এর ‘জাতীয় কম্পিউটার ইমারজেন্সি রেসপন্স টিম (N-CERT)’ এতে অংশগ্রহণ করে।

- আর্থিক প্রতিষ্ঠানের জন্য ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণের নিমিত্ত নিয়মিত সতর্কীকরণ এবং PCI-DSS, ISO27000 সহ বিভিন্ন সনদ অর্জনে পরামর্শ/সহযোগিতা প্রদান করা হচ্ছে।
- বাংলাদেশের জন্য বাৎসরিক Cyber Threat Landscape Report 2021 প্রকাশিত হয়েছে।

## ১২.২. আন্তর্জাতিক সহযোগিতা

- ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এবং কম্বোডিয়া এর মধ্যে Cooperation in the Area of National Cyber Security বিষয়ক সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়।
- ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এবং BGD e-Gov CIRT এবং Cyber Warfare & Information Technology Directorate Operations Branch, Bangladesh Air Force এর মধ্যে Cyber Incident Reporting and Capacity Building Co-operation বিষয়ক সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়।
- The Bangladesh Government Computer Incident Response Team (BGD e-Gov CIRT) এবং The Indian Computer Emergency Response Team (CERT-In) এর মধ্যে Cooperation in the area of Cyber Security বিষয়ক সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়।
- ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এবং Technology Media Guild Bangladesh (TMGB) এর মধ্যে সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়।



**চিত্র:** ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এবং BGD e-Gov CIRT এবং Cyber Warfare & Information Technology Directorate Operations Branch, Bangladesh Air Force এর মধ্যে সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর।




**চিত্র:** আন্তর্জাতিক সহযোগিতা

## ১২.৩. বাস্তবায়িত অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম

- **কল সেন্টারের কার্যক্রম (৩৩৩(৮) ও ১০৪)**

ডিজিটাল নিরাপত্তা এজেন্সির লক্ষ্য হচ্ছে বাংলাদেশের জন্য একটি নিরাপদ সাইবার স্পেস এবং ডিজিটাল জীবনযাত্রাকে সুরক্ষার মাধ্যমে নিরাপদ সাইবার স্পেস প্রতিষ্ঠা করা। সেই লক্ষ্য নিয়ে সেপ্টেম্বর ২০২০ থেকে নাগরিকের সাইবার নিরাপত্তার পাশাপাশি ডিজিটাল এবং সোশ্যাল মিডিয়া নিরাপত্তা বিষয়ে তথ্য ও পরামর্শ প্রদানের জন্য একটি হেল্প লাইন চালু করা হয়েছে। নাগরিকগণ ৩৩৩(৮) এবং ১০৪ নম্বরে কল করার মাধ্যমে উক্ত সেবা গ্রহণ করতে পারেন। হেল্পলাইনের মাধ্যমে নাগরিককে সাইবার নিরাপত্তা এর পাশাপাশি ডিজিটাল এবং সোশ্যাল মিডিয়া নিরাপত্তা বিষয়ে তথ্য ও পরামর্শ দিয়ে সেবা প্রদান করা হয়ে থাকে। ডিজিটাল নিরাপত্তা এজেন্সির হেল্পলাইন সেবা সেপ্টেম্বর ২০২০ থেকে চালু করা হয়। এই কল সেন্টার নাগরিকের জন্য ২৪/৭ সহজ ও দ্রুততম সেবা নিশ্চিত করছে। সেবার মানোন্নয়নের জন্য ডিএসএ স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর তৈরি করছে। যার মাধ্যমে নাগরিককে আরও উন্নত সেবা প্রদান করা সম্ভব হবে। কল সেন্টারে জুন ২০২১-২২ অর্থবছরে মোট ৩,৯৩,০৩৪ নাগরিককে সেবা প্রদান করা হয়েছে।



**চিত্রঃ** কল সেন্টারের কার্যক্রম (৩৩৩(৮) ও ১০৪)

- ## মুক্ত পাঠ প্ল্যাটফর্মে অনলাইন প্রশিক্ষণ

সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত অনলাইন প্রশিক্ষণ ‘মুক্তপাঠ’ অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে পরিচালনা করা হয়েছে এবং ২০২১-২২ অর্থবছরে ১০৩৬৭ জন প্রশিক্ষণার্থী এই কোর্সটি সম্পন্ন করেছেন। তাছাড়া, এ পর্যন্ত ৭৯,৩০৭ জন উক্ত কোর্সে অংশগ্রহণ করেন।




**চিত্রঃ** মুক্তপাঠ প্ল্যাটফর্মে ‘ডিজিটাল নিরাপত্তা’ সংক্রান্ত অনলাইন কোর্স

## ১৩. প্রস্তাবিত প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

### ১৩.১ প্রকল্পের নাম: জাতীয় পর্যায়ে সাইবার নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সাইবার সিকিউরিটি হেল্পলাইন স্থাপন প্রকল্প;

### (ক) প্রকল্প পরিচিতি:

| নাম | **জাতীয় পর্যায়ে সাইবার নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সাইবার সিকিউরিটি হেল্পলাইন স্থাপন প্রকল্প;** | |
|---|---|---|
| বাস্তবায়নকাল | জুলাই ২০২২ - জুন ২০২৫ | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমাণ |
| | জিওবি | ৪৯৮১.০৯ (লক্ষ টাকায়) |

### (খ) প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা (সুবিধাভোগীসহ) :

**উদ্দেশ্য :**

সাইবার নিরাপত্তার জন্য দ্রুততম সময়ে কার্যকরী ডিজিটাল সিকিউরিটি বিষয়ক সেবা প্রদান নিশ্চিত করা। প্রাপ্ত তথ্য ও সংবাদের ভিত্তিতে এবং ডিজিটাল সিকিউরিটি সেবার প্রতিনিধির সুপারিশক্রমে সর্বসাধারণকে জরুরী ভিত্তিতে প্রযুক্তিগত সহায়তা, আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তা ও আইনগত পরামর্শ প্রদানের মাধ্যমে সেবা প্রদান করা এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য।

**লক্ষ্যমাত্রা :**

- শর্ট কোড ভিত্তিক ডিজিটাল নিরাপত্তা এজেন্সির জন্য জাতীয় হেল্পলাইন পরিচালনা করা।
- জনগণের জন্য একটি অনলাইন প্লাটফর্ম তৈরির মাধ্যমে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা এবং সেল্ফ রিপোর্টিং টুলের দ্বারা অনলাইন প্ল্যাটফর্ম ও সোশ্যাল মিডিয়ার মাধ্যমে সাইবার সিকিউরিটি সংক্রান্ত অভিযোগ গ্রহণের সুযোগ তৈরি করা।
- একটি ২৫ আসন বিশিষ্ট কল সেন্টার স্থাপন করা।
- উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কেইস স্টাডি ব্যবস্থাপনা পদ্ধতি পরিচালনা করা ও আগাম প্রতিবেদন তৈরি করা।
- জনসচেতনতামূলক প্রচারণার মাধ্যমে সর্বস্তরের জনগণকে ডিজিটাল সিকিউরিটি ও এর হেল্পলাইন সম্পর্কে অবহিত করা এবং এই সেবার আওতায় নিয়ে আসা।
- সকল কেইস এর তথ্যসমূহ নিয়মানুগভাবে সংরক্ষণ করা এবং যে কোন প্রয়োজনে তা ব্যবহারের ব্যবস্থা সম্বলিত কেন্দ্রীয় তথ্যভান্ডার তৈরি করা।
- ফ্যাক্ট চেকিং টুল উন্নয়ন করা।
- ডিজিটাল সিকিউরিটি হেল্পলাইন কার্যক্রমের সক্ষমতা বৃদ্ধি ও টেকসইকরণে বিভিন্ন ধরণের প্রশিক্ষণ কার্যক্রমের ব্যবস্থা করা।

### (গ) ফলাফল (Output):

- ২০ সিটের একটি কল সেন্টার বা হেল্পডেস্ক স্থাপন।
- দ্রুততম সময়ে সাইবার সিকিউরিটি সংক্রান্ত সেবা প্রদান এবং এই সেবা প্রদানের প্রতিক্রিয়ার সময় নির্ণয়।
- ১ টি ৫ আসনবিশিষ্ট (দুর্যোগ পুনরুদ্ধারের জন্য বিকল্প ব্যবস্থা) কেন্দ্র স্থাপন।
- হেল্পডেস্ক এজেন্ট ও জনগণের সচেতনতা বৃদ্ধির জন্য সাইবার সচেতনতা বিষয়ক সংখ্যক কনটেন্ট ডেভলপ করা।
- সাইবার সিকিউরিটি হেল্পলাইনের জন্য একটি কেস ম্যানেজমেন্ট সিস্টেম ডেভলপ করা।

- সার্ভিসকে নিরবচ্ছিন্ন রাখতে একটি ওয়েবসাইট ও একটি মোবাইল অ্যাপ নির্মাণ করা।
- সমগ্র বাংলাদেশের জন্য সাইবার সিকিউরিটি হেল্পডেস্কের রূপরেখা নির্ধারণ করা।
- অনলাইন গুজব নিয়ন্ত্রণ ও জনগণকে সত্য ঘটনা জানাতে একটি ফ্যাক্ট চেকিং সাইট নির্মাণ করা।
- জনগণকে সাইবার নিরাপত্তা সেবা সম্পর্কে অবহিত করা এবং এই সেবার আওতায় নিয়ে আসার জন্য গণসচেতনামূলক প্রচারণার চালানো।
- কেন্দ্রীয় তথ্যভান্ডার তৈরি করা।
- সাইবার নিরাপত্তা সেবা কার্যক্রমের সক্ষমতা বৃদ্ধি ও টেকসইকরণে গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রমের ব্যবস্থা করা।

## ১৩.২ প্রকল্পের নাম: দেশের শিশু কিশোরসহ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য নিরাপদ ইন্টারনেট ব্যবহার নিশ্চিতকরণ;

### (ক) প্রকল্প পরিচিতি:

| নাম | **দেশের শিশু কিশোরসহ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য নিরাপদ ইন্টারনেট ব্যবহার নিশ্চিতকরণ;** | |
|---|---|---|
| বাস্তবায়নকাল | জুলাই ২০২২ - ডিসেম্বর ২০২৪; | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমাণ |
| | জিওবি | ৪৭২৫.৬৭ (লক্ষ টাকায়) |

### (খ) প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা:

প্রকল্পের মূল উদ্দেশ্য হলো মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য নিরাপদ ইন্টারনেট ব্যবহার নিশ্চিত করা।

**উদ্দেশ্য :**

১. শিশু-কিশোর ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের অনলাইন ব্যবহারে বিশেষ করে সাইবার বুলিং ও সাইবার ঝুঁকি থেকে নিরাপদ রাখা এবং তথ্যের সঠিকতা যাচাই করে ইন্টারনেটের ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষিত রাখা।

২. অনলাইনের তথ্যের সঠিকতা যাচাই করে ইন্টারনেটের নিরাপদ ব্যবহার সম্পর্কে মাধ্যমিক পর্যায়ের  শিক্ষক ও অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি করা।

৩. মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের সাইবার সচেতনতামূলক কার্যক্রম প্রকল্প মেয়াদের পরও অব্যাহত রাখার নিমিত্ত প্রশিক্ষিত শিক্ষকদের সচেতনতামূলক কার্যক্রমে অন্তর্ভূক্তির লক্ষ্যে তাদের নিবন্ধনের ব্যবস্থা করা।

**লক্ষ্যমাত্রা :**

মাধ্যমিক পর্যায়ের ১১ (এগারো) থেকে ১৭ (সতেরো) বছর বয়সী শিক্ষার্থীদের জন্য নিরাপদ ইন্টারনেট ব্যবহার নিশ্চিত করার জন্য তথ্যের সত্য-মিথ্যা যাচাইকরণ এবং সচেতনতামূলককার্যক্রম পরিচালনা করা।

### (গ) ফলাফল (Output)

- প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে সাইবার আগ্রাসন ও ঝুঁকি সম্পর্কে উপজেলা পর্যায় পর্যন্ত সচেতনতা বৃদ্ধি করা সম্ভব হবে।
- সচেতনতা বৃদ্ধির মাধ্যমে শিশু-কিশোরদের সাইবার অপরাধের শিকার হওয়ার ঝুঁকি হ্রাস করা হবে।
- প্রকল্পের কার্যক্রমে অভিভাবকসহ সমাজের বিভিন্ন পর্যায়ের অংশীজনদের সম্পৃক্ত করা যাবে।

- শিশু-কিশোরদের সাইবার অপরাধের সাথে জড়িয়ে পড়া এবং সাইবার অপরাধের শিকার হওয়ার সংখ্যা হ্রাস করা সম্ভব হবে।
- দেশের ৬৪টি জেলার প্রতিটি উপজেলায় স্কুল পর্যায়ে প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে দেশের শিশু-কিশোরদের ইন্টারনেটের সঠিক ব্যবহার ও সাইবার অপরাধে জড়ানো থেকে দূরে রাখা সম্ভব হবে।

## ১৩.৩ ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সক্ষমতা বৃদ্ধি প্রকল্প (Strengthening of Digital Security Agency Project);

### (ক) প্রকল্প পরিচিতি:

| নাম | **ডিজিটাল নিরাপত্তা এজেন্সির সক্ষমতা বৃদ্ধি প্রকল্প (Strengthening of Digital Security Agency Project);** | |
|---|---|---|
| বাস্তবায়নকাল | জুলাই ২০২২ - জুন ২০২৪; | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমাণ |
| | জিওবি | ৪৫৮৭.৪৫ (লক্ষ টাকায়) |

### খ) প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা:

**উদ্দেশ্য** :

ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ এর লক্ষ্য উদ্দেশ্য পূরণকল্পে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির পরিকাঠামোগত সুবিধা সৃষ্টি;

**লক্ষ্যমাত্রা** :

- ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ অনুচ্ছেদ-৫ পূরণকল্পে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কার্যক্রম পরিচালনা;
- ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কার্যক্রম পরিচালনার লক্ষ্যে পরিকাঠামোগত সুবিধা সৃষ্টি;
- জাতীয় নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সাইবার নিরাপত্তার জন্য সংশ্লিষ্ট সংস্থাসমূহের মধ্যে সমন্বয় ও জাতীয় সার্ট এর সক্ষমতা বৃদ্ধি;
- দেশে বিভিন্ন সেক্টরে (যথা: ই-গভর্ণমেন্ট, আর্থিক, সামরিক, টেলিকম, আইএসপি ইত্যাদি সেক্টরে) CIRT/CERT স্থাপনে সহায়তা;
- সাইবার নিরাপত্তা বিষয়ে প্রচলিত ও উদীয়মান প্রযুক্তি (Emerging Technology) বিষয়ে গুরুত্বপূর্ণ অবকাঠামোতে কর্মরত আইটি জনবল ও সেক্টোরাল সার্ট স্থাপনে সহায়ক প্রশিক্ষণ;

## ১৩.৪ ডিজিটাল নিরাপত্তা এজেন্সি স্থাপন ও প্রয়োজনীয় অবকাঠামো সৃষ্টি; (ডিজিটাল নিরাপত্তা এজেন্সির ভবন এবং আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ প্রকল্প);

### (ক) প্রকল্প পরিচিতি:

| নাম | **ডিজিটাল নিরাপত্তা এজেন্সি স্থাপন ও প্রয়োজনীয় অবকাঠামো সৃষ্টি; (ডিজিটাল নিরাপত্তা এজেন্সির ভবন এবং আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ প্রকল্প)** | |
|---|---|---|
| বাস্তবায়নকাল | জুলাই ২০২২ - জুন ২০২৫; | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমাণ |

| | | |
|---|---|---|
| | জিওবি | ৮০০০০.০০ (লক্ষ টাকায়) (সম্ভাব্য) |

****প্রকল্পটির ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন হয়েছে। ডিপিপি প্রণয়ন প্রক্রিয়াধীন।**

## ১৪. প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য

ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা হয়। কর্মকর্তা/কর্মচারীদের প্রশাসনিক দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের এ ধারা অব্যাহত রয়েছে। ২০২১-২২ অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীদের নিম্নোক্ত প্রশিক্ষণ সম্পন্ন করেছে:

| ক্রমিক | প্রশিক্ষণের নাম | মেয়াদ | অংশগ্রহণকারী | অংশগ্রহণ কারী সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ইন-হাউজ প্রশিক্ষণ: ০২ টি | ০৩ দিন | ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কর্মকর্তা/কর্মচারীবৃন্দ | ১৭ জন |
| ২। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (NIS) বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ: ০৪ টি | ০৬ দিন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কর্মকর্তাবৃন্দ | ৩৪ জন |
| ৩। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ | ০৪ দিন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কর্মকর্তাবৃন্দ | ৩৪ জন |
| ৪। | ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ০৫ দিন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কর্মকর্তাবৃন্দ | ৩৩ জন |
| ৫। | তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ | ০৩ দিন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কর্মকর্তাবৃন্দ | ২৩ জন |
| ৬। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ | ০৪ দিন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কর্মকর্তাবৃন্দ | ৩১ জন |
| ৭। | মুজিববর্ষ উপলক্ষ্যে 'সাইবার নিরাপত্তা' সংক্রান্ত প্রশিক্ষণ | ০৪ দিন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিবৃন্দ এবং ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এর কর্মকর্তাবৃন্দ | ১৫০ জন |
| ৮। | সরকারি কর্মকর্তা/কর্মচারীদের 'সাইবার সচেতনতামূলক' প্রশিক্ষণ | ০৪ দিন | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রতিনিধিবৃন্দ এবং ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এর কর্মকর্তাবৃন্দ | ২৯৪ জন |




**চিত্র:** সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সাইবার সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ।



**চিত্র:**সাইবার বুলিং ও ডিজিটাল নিরাপত্তা বিষয়ে স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (SOP) প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন (FAQ) উত্তরের মূল্যায়ন সংক্রান্ত সেমিনার

## ১৫. সেমিনার সংক্রান্ত তথ্য

ডিজিটাল নিরাপত্তা এজেন্সি দেশব্যাপী সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সরকারি দপ্তর, বিভাগ, স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ে সেমিনার আয়োজন করে যাচ্ছে। ডিজিটাল নিরাপত্তা এজেন্সি কর্তৃক ২০২১-২২ অর্থবছরে নিম্নলিখিত সেমিনারের আয়োজন করা হয়।

| ক্রম | শিরোনাম | তারিখ | অংশগ্রহণকারী সংখ্যা (জন) |
|---|---|---|---|
| ১ | স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিকিউটর (SOP) এবং প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন (FAQ) উত্তরের মুল্যায়ন সংক্রান্ত সেমিনার | ২৮ আগস্ট, ২০২১ | ১৭ |
| ২ | ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কার্যক্রম সম্পর্কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নবযোগদানকৃত কর্মকর্তাদের অবহিতরকরণ সেমিনার | ১২ সেপ্টেম্বর, ২০২১ | ৩২ |
| ৩ | মুজিববর্ষ উপলক্ষ্যে কুড়িগ্রাম সরকারি কলেজের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সাইবার নিরাপত্তা সচেতনামুলক অনলাইন সেমিনার | ৩০ সেপ্টেম্বর, ২০২১ | ২০০ |
| ৪ | ডিজিটাল ফরেনসিক ল্যাবরেটরি গাইডলাইন (খসড়া) শীর্ষক সেমিনার | ০৯ অক্টোবর, ২০২১ | ২২ |
| ৫ | সাইবার সচেতনতা মাস উপদযাপন উপলক্ষ্যে "কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণের অংশগ্রহণে সাইবার নিরাপত্তা সংক্রান্ত সচেতনতামূলক সেমিনার | ২৭ অক্টোবর, ২০২১ | ৯৪ |
| ৬ | সাইবার সচেতনতা মাস উপদযাপন উপলক্ষ্যে “ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত সচেতনতা সৃষ্টি” শীর্ষক সেমিনার | ৩১ অক্টোবর, ২০২১ | ১১৯ |
| ৭ | ৪র্থ শিল্প বিপ্লব বিষয়ক ওয়ার্কশপ | ১৪ ডিসেম্বর, ২০২১ | ২০ |
| ৮ | মুজিববর্ষ উপলক্ষ্যে সাইবার নিরাপত্তা সচেতনতা শীর্ষক সেমিনার (৩ টি) | ২১, ২২, ২৩ ডিসেম্বর, ২০২১ | ২৪২ (৯৪,৮৫,৬৩) |
| ৯ | BNDA রোড ম্যাপ শীর্ষক সেমিনার | ২৬ ডিসেম্বর, ২০২১ | ১৭ |
| ১০ | SDG ম্যাপিং সংক্রান্ত সেমিনার | ৩০ জানুয়ারি, ২০২২ | ১২ |
| ১১ | ৪র্থ শিল্প বিপ্লব বিষয়ক ওয়ার্কশপ | ২৮ এপ্রিল, ২০২২ | ১৫ |
| ১২ | বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড এর কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে অনুষ্ঠিত ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত সচেতনতামূলক সেমিনার | ০৪ জুন, ২০২২ | ৩৩ |
| ১৩ | বিটাকের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে অনুষ্ঠিত ডিজিটাল নিরাপত্তা সংক্রান্ত সচেতনতামূলক সেমিনার | ০৯ জুন, ২০২২ | ৫৩ |
| ১৪ | সাইবার নিরাপত্তা সংক্রান্ত সেমিনার | ৩১ মার্চ, ২০২২ | ৭ |
| ১৫ | মুজিববর্ষ উপলক্ষ্যে অর্থ বিভাগের কর্মকর্তাগণের অংশগ্রহণে সাইবার নিরাপত্তা সচেতনামুলক সেমিনার | ২১ নভেম্বর, ২০২১ | ৪০ |



**চিত্র:** সাইবার নিরাপত্তা সংক্রান্ত সেমিনার অর্থ বিভাগ।



**চিত্র:** ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কার্যক্রম সংক্রান্ত অবহিতকরণ সেমিনার

## ১৬. জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম (NCERT)-এর কার্যক্রম

সাইবার আক্রমণ হতে বাংলাদেশ সরকারের গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure) সমূহকে নিরাপদ রাখার লক্ষ্যে BGD e-GOV CIRT জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম (NCERT) হিসাবে কাজ করছে।

### ১৬.১. লক্ষ্য ও উদ্দেশ্য

- দেশের ডিজিটাল স্পেসের নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে জাতীয় কম্পিউটার ইমার্জেন্সি রেসপন্স টিম হিসেবে দায়িত্ব পালন;
- জাতীয় ডাটা সেন্টারে রক্ষিত সরকারের গুরুত্বপূর্ণ তথ্য ভান্ডারকে সাইবার আক্রমণ হতে রক্ষা করা;
- সরকারের গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure) সমূহকে উদ্ভূত সাইবার ঝুঁকি বিশ্লেষণ, সতর্কীকরণ ও রক্ষা করা;
- সাইবার নিরাপত্তা কার্যক্রম জাতীয় পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে কম্পিউটার Incident Management ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি;
- সরকারি দপ্তরে সাইবার নিরাপত্তা বিষয়ক সচেতনতা বৃদ্ধি।

### ১৬.২. ২০২০-২০২১ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রম

- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি ২০২০-২১ অর্থবছরে চূড়ান্ত মূল্যায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার মধ্যে প্রথম স্থান অর্জন করেছে।




**চিত্রঃ** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ২০২০-২১ অর্থবছরে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির প্রথম স্থান অর্জনের পুরস্কার গ্রহণ।

- **গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (CII) অডিট সংক্রান্ত কার্যক্রম:**
  ২০২১-২২ অর্থবছরে সরকারের ০২ টি গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো অডিট করে সংশ্লিষ্ট সিআইআই-সমূহকে প্রতিবেদন প্রেরণ এবং অন্যান্য সরকারি ৯টি সংস্থায় আইটি অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো অডিট একটি নিয়মিত কার্যক্রম এবং তা অব্যাহত রয়েছে। উল্লেখ্য অডিট টিম সিএসএ (CSA) স্টার ক্লাউড অডিটের উপর ব্রিটিশ স্ট্যান্ডার্ড ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত একটি প্রশিক্ষণ ও পরীক্ষার মাধ্যমে উত্তীর্ণ সার্টিফিকেট অর্জন করেছে।
- **সাইবার সেন্সর:** সরকারি ১১টি গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (Critical Information Infrastructure) তে ১০৬ টি সাইবার সেন্সর রিপোর্ট পাঠানো হয়েছে।
- **ইন্সিডেন্ট হ্যান্ডেলিং কার্যক্রম:** ৩২ টি এপ্লিকেশনসমূকে সুরক্ষিত করার জন্য Vulnerability Assessment and Penetration Test (VAPT) করে প্রতিকারের সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রদান করা হয়েছে। BGD e-GOV CIRT হতে ২০২১-২২ অর্থবছরে সর্বমোট ৭৫০ টি সাইবার নিরাপত্তা বিষয়ক পরামর্শ, সতর্ক বার্তা এবং সংবাদ প্রকাশ করা হয়েছে।
- **সাইবার থ্রেট ইন্টেলিজেন্স কার্যক্রম:** বৈশ্বিক সাইবার থ্রেট সম্পর্কে সর্বমোট ১০০ টি ইন্টেলিজেন্স প্রতিবেদন প্রদান করা হয়েছে।
- **Social Media Monitoring কার্যক্রম**: দৈনিক ভিত্তিতে জুলাই ২০২১ হতে জুন ২০২২ পর্যন্ত সামাজিক যোগাযোগ মাধ্যম পর্যবেক্ষণ করা হয়েছে। এ পর্যবেক্ষণে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত ৭৯০ টি পোস্ট চিহ্নিত করে যথাযথ কর্তৃপক্ষকে প্রদান করা হয়েছে।
- **ডিজিটাল ফরেনসিক কার্যক্রম:** NCERT এ স্থাপিত ফরেনসিক ল্যাব কর্তৃক মোট ১০টি প্রতিষ্ঠানকে এক বা একাধিকবার ডিজিটাল ফরেনসিক সেবা প্রদান করা হয়েছে। আইন-শৃঙ্খলা প্রয়োগকারী সংস্থা প্রেরিত ১০টি কেইসের মধ্যে ১৬টি আলামতের ফরেনসিক প্রস্তুত প্রতিবেদন প্রদান করা হয়েছে। গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো ও বিভিন্ন সরকারি দপ্তর থেকে প্রাপ্ত হার্ডডিস্কের ডিজিটাল ফরেনসিক বিশ্লেষণ কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন প্রদান করা হয়েছে।

- **সাইবার ড্রিল কার্যক্রম:** আর্থিক প্রতিষ্ঠানের জন্য প্রতি বছর সাইবার ড্রিল আয়োজন করা হয়। ২০২১-২২ অর্থবছরে ৩ টি সাইবার ড্রিল অনুষ্ঠিত হয়।



**চিত্র:** সাইবার নিরাপত্তা বিষয়ক সেমিনার ৩১ অক্টোবর ২০২১। গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর ডিজিটাল নিরাপত্তা সুরক্ষা গাইডলাইন, ২০২১” এর মোড়ক উন্মোচন করেন আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এমপি



**চিত্র:** বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা পরিদর্শনের একাংশ।



**চিত্র:** কানাডীয়ান হাইকমিশনের DSA পরিদর্শন



**চিত্র:** জাতীয় শোক দিবসে জাতির পিতার প্রতি শ্রদ্ধাঞ্জলী অর্পণ।



**চিত্র:**এজেন্সি'র ভবন ও কমান্ড সেন্টারের প্রাথমিক ডিজাইন

## ১৭. উপসংহার

একটি নিরাপদ ডিজিটাল রাষ্ট্র প্রতিষ্ঠা করতে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন, প্রয়োজনীয় সহায়তা ও নির্দেশনা প্রদান করার লক্ষ্যে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি কাজ করে যাচ্ছে। এ সকল কার্যক্রমের ফলে সাইবার সিকিউরিটি সংক্রান্ত আন্তর্জাতিক ইন্ডেক্সে বাংলাদেশের অবস্থানের উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। ডিজিটাল নিরাপত্তা এজেন্সির পূর্ণাঙ্গ সাংগঠনিক কাঠামো গঠিত হলে দেশের সাইবার নিরাপত্তা রক্ষায় আরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা সম্ভব হবে। ২০২১-২২ অর্থবছরে এই এজেন্সি কর্তৃক গৃহীত কার্যক্রমকে সংকলিত করে এই প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। যার মাধ্যমে ডিজিটাল নিরাপত্তা এজেন্সির কার্যক্রম সম্পর্কে সরকারি কর্মকর্তা এবং দেশের নাগরিকগণ অবহিত হতে পারবেন।

# ইতিহাসের সবচেয়ে বড় ১০টি সাইবার হামলা

| ক্রম | নাম | এলাকা | ক্ষয়ক্ষতি/প্রভাব | তথ্যসুত্র |
|---|---|---|---|---|
| ১. | মেলিসা ভাইরাস-১৯৯৯ | প্রোগ্রামার ডেভিড লি স্মিথ মাইক্রোসফট ওয়ার্ডের মাধ্যমে ভাইরাসটি পাঠায়। | সিস্টেম মেরামত প্রায় ৮০ মিলিয়ন ডলার। | https://www.justice.gov/archive/criminal/cybercrime/press-releases/2002/melissaSent.htm |
| ২. | নাসা (NASA) সাইবার আক্রমন-১৯৯৯ | ১৫ বছর বয়সী জেমস জোনাথন ২১ দিনের জন্য নাসার কম্পিউটার হ্যাক করতে সক্ষম হয়েছিল। | মেরামত খরচ প্রায় ৪১,০০০ ডলার। | https://abcnews.go.com/Technology/story?id=119423&page=1 |
| ৩. | এস্তোনিয়া সাইবার অ্যাটাক-২০০৭ | সরকার, ব্যাংক এবং মিডিয়া ওয়েবসাইটসহ সমগ্র দেশে সাইবার হামলা হয়েছিল। | ৫৮টি এস্তোনিয়ান সরকারী ওয়েবসাইট অফলাইন | https://www.reuters.com/world/europe/estonia-says-it-repelled-major-cyber-attack-after-removing-soviet-monuments-2022-08-18/ |
| ৪. | সনি’র প্লেস্টেশন সাইবার আক্রমণ-এপ্রিল ২০১১ | সনি’র প্লেস্টেশন নেটওয়ার্কে সাইবার আক্রমণ। | ৭৭ মিলিয়ন ব্যক্তিগত তথ্য হ্যাক | https://www.vox.com/2015/1/20/18089084/sony-hack-north-korea |
| ৫. | ইউক্রেনের পাওয়ার গ্রিড আক্রমণ-২০১৫ | ইউক্রেনের ইভানো-ফ্রাঙ্কিভস্ক অঞ্চলের পাওয়ার গ্রিডে প্রথম সাইবার হামলা। | অর্ধেক বাড়িতে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন। | https://www.bbc.com/news/technology-61085480 |
| ৬. | WannaCry Ransomware ২০১৭ | ১৫০ টিরও বেশি দেশে প্রায় ২ লক্ষ কম্পিউটার আক্রান্ত হয়েছিল। | বিশ্বব্যাপী প্রায় ৪ বিলিয়ন ডলার ক্ষতি | https://www.mimecast.com/blog/all-you-need-to-know-about-wannacry-ransomware/ |
| ৭. | ম্যারিয়ট | হোটেলস গ্রুপের | আনুমানিক ৩৩৯ | https://www.bbc.com/news/technology-54748843 |

| | | | | |
|---|---|---|---|---|
| | হোটেলে সাইবার আক্রমণ-২০১৮ | অতিথিদের ব্যক্তিগত তথ্যে অনুপ্রবেশ করেছিল। ওয়াচডগ হোটেলকে ১৮.৪ মিলিয়ন পাউন্ড জরিমানা করে। | মিলিয়ন ডেটা হ্যাক | |
| ৮. | যুক্তরাষ্ট্রের কলোনিয়াল পাইপলাইন র‍্যান-সমওয়্যার আক্রমণ-২০২১ | আমেরিকার সবচেয়ে বড় পেট্রোলিয়াম পাইপলাইনকে নিষ্ক্রিয় করা হয়। | ক্ষতি ৪.৪ মিলিয়ন ডলার | https://www.bloomberg.com/news/articles/2021-06-04/hackers-breached-colonial-pipeline-using-compromised-password |
| ৯. | জেবিস ফুড র‍্যানসম এ্যাটাক-২০২১ | ব্রাজিলের বিশ্বের অন্যতম বৃহৎ মাংস প্রক্রিয়াজাতকরণ কোম্পানী আক্রান্ত হয়। | র‍্যানসম ১১ বিলিয়ন ডলার বিটকয়েন | https://www.theguardian.com/business/2021/jun/10/worlds-biggest-meat-producer-jbs-pays-11m-cybercrime-ransom |
| ১০. | ইউক্রেন সাইবার আক্রমন-২০২২ | ইউক্রেনে রাশিয়ান আক্রমনের প্রারম্ভকালে সরকারী ওয়েবসাইটে আক্রমন হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয়, কেবিনেট ও প্রতিরক্ষা মন্ত্রণালয় আক্রমন | https://www.europarl.europa.eu/RegData/etudes/BRIE/2022/733549/EPRS_BRI(2022)733549_EN.pdf |

# বিশ্বের বিভিন্ন দেশের সাইবার নিরাপত্তা সংস্থা

| ক্রম | দেশ | সাইবার নিরাপত্তা সংস্থা/সার্ট | ওয়েবসাইট |
|---|---|---|---|
| ১. | যুক্তরাষ্ট্র | Cybersecurity and Infrastructure Security Agency (CISA) | https://www.cisa.gov/uscert/ |
| ২. | অস্ট্রেলিয়া | Australian Cyber Security Centre (ACSC) | https://www.cyber.gov.au/ |
| ৩. | যুক্তরাজ্য | National Cybersecurity Centre (NCSC) | www.ncsc.gov.uk |
| ৪. | সিংগাপুর | Cybersecurity Agency of Singapore | https://www.csa.gov.sg/ |
| ৫. | মালোয়েশিয়া | National Cyber Security Agency (NACSA) | https://www.nacsa.gov.my/ |
| ৬. | কানাডা | Canadian Centre for Cyber Security | https://cyber.gc.ca/en |

# ডিজিটাল নিরাপত্তার জন্য উত্তম চর্চাসমূহ

## প্রাতিষ্ঠানিক সুরক্ষা

- ইউজার একাউন্টের মাধ্যমে সিস্টেমে লগ-ইন করুন
- আসল সফটওয়্যার/অপারেটিং সিস্টেম ব্যবহার করুন
- অপরিচিত/অননুমোদিত ব্যক্তিকে প্রতিষ্ঠানের সিস্টেম ব্যবহার থেকে বিরত রাখুন
- দাপ্তরিক কাজে প্রতিষ্ঠানের ই-মেইল আইডি ব্যবহার করুন
- কাজ শেষে সিস্টেম থেকে লগ-আউট/স্ক্রীন লক করুন
- গুরুত্বপূর্ণ তথ্য-উপাত্তের ব্যাকআপ রাখুন





## ডিজিটাল ডিভাইসের ব্যবহার

- ডিজিটাল ডিভাইসসমূহ পাসওয়ার্ড বা বায়োমেট্রিক পদ্ধতিতে সুরক্ষিত রাখুন
- শক্তিশালী পাসওয়ার্ড (বর্ণ, সংখ্যা ও বিশেষ চিহ্ন) ব্যবহার করুন
- প্রতিটি একাউন্ট/এ্যাপস এর জন্য আলাদা পাসওয়ার্ড ব্যবহার করুন
- অপ্রয়োজনে ক্যামেরা অপশন চালু রাখা থেকে বিরত থাকুন
- স্বীকৃত ওয়েবসাইট থেকে এ্যাপস/সফ্টওয়্যার ডাউনলোড করুন

## অনলাইন / ইন্টারনেট ব্যবহার

- ওয়েবসাইটে SSL সার্টিফিকেট (https বা 🔒 চিহ্ন) দেখে ব্যবহার করুন
- লগ-ইন অপশনসমূহে **Two Factor Authentication** চালু রাখুন
- ইন্টারনেট ব্রাউজার এবং প্রয়োজনীয় প্লাগ-ইনসমূহ নিয়মিত আপডেট রাখুন
- অনলাইনে লেনদেনের ক্ষেত্রে https বা 🔒 চিহ্ন যুক্ত সাইট দেখে লেনদেন করুন
- অপরিচিত ও সন্দেহজনক ই-মেইল বা লিংকে ক্লিক করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করুন






## সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার

- সামাজিক যোগাযোগ মাধ্যমের একাউন্টের প্রাইভেসি সেটিং নির্ধারণ করুন
- একান্ত ব্যক্তিগত তথ্যাবলী অপরিচিতদের সাথে শেয়ার করা থেকে বিরত থাকুন
- কোনো পোস্ট শেয়ার করার আগে এর সঠিকতা যাচাই করুন
- মিথ্যা সংবাদ, গুজব, সমাজ ও রাষ্ট্রবিরোধী প্রচার-প্রচারণা সংক্রান্ত পোস্টে লাইক বা শেয়ার করা থেকে বিরত থাকুন
- অপমানজনক ও বিভ্রান্তিকর বিষয় সংক্রান্ত পোস্ট ব্লক করুন বা রিপোর্ট করুন

## সাইবার বুলিং হতে সুরক্ষা

- একান্ত ব্যক্তিগত তথ্যাবলী অপরিচিতদের সাথে শেয়ার করা থেকে বিরত থাকুন
- কাউকে অপমানজনক বা ক্ষতিকর কোন মন্তব্য করা, শেয়ার বা লাইক দেয়া থেকে বিরত থাকুন
- সাইবার বুলিং এর শিকার হলে তা গোপন না রেখে অভিভাবক, শিক্ষক বা বিশ্বস্ত কাউকে অবহিত করুন
- অনলাইনে কেউ উদ্ভট বা অনাকাঙ্ক্ষিত ছবি বা তথ্য চাইলে তা পরিহার করুন
- যিনি বুলিং করছেন, তাকে ব্লক করুন বা রিপোর্ট করুন
- বুলিং সংক্রান্ত তথ্যাবলী ভবিষ্যতে প্রয়োজনে আইনানুগ পদক্ষেপের জন্য সংরক্ষণ করুন






## পাসওয়ার্ড ব্যবহার

- শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করুন
- বর্ণ-সংখ্যা-বিশেষ চিহ্ন বিশিষ্ট কমপক্ষে ৮ (আট) সংখ্যার পাসওয়ার্ড ব্যবহার করুন
- পাসওয়ার্ড গোপন রাখুন এবং অন্যের সাথে শেয়ার করা থেকে বিরত থাকুন
- নির্দিষ্ট সময় পর পর পাসওয়ার্ড পরিবর্তন করুন
- সহজে অনুমেয় পাসওয়ার্ড ব্যবহার থেকে বিরত থাকুন
- ওয়েব ব্রাউজারে পাসওয়ার্ড সংরক্ষণ করা থেকে বিরত থাকুন

DIGITAL SECURITY AGENCY

**ডিজিটাল নিরাপত্তা এজেন্সি**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ICT DIVISION FUTURE IS HERE

www.dsa.gov.bd

কল সেন্টার - ৩৩৩ এবং ১০৪